দাম : ৪ টাকা

কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 1 ■ 1st January 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

VANIK
NATIONAL HELP LINE 83-38-05-00-77
SSC CGL CRASH COURSE
Regular Batch (Mon. to Fri) | 13th January 2022
Weekend Batch (Sat. to Sun.) | 28th January 2022
IAS | WBCS | PSC
Regular (9.30am to 4.30pm)13th Jan.2022
Exclusive WBCS Batch
Weekend (Sat. & Sun.)28th Jan.2022
Follow us on www.facebook.com/vanikkolkata | www.vanik.org | vanik.kol@gmail.com

স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার মাধ্যমে

কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার অডিটর, অ্যাসিস্ট্যান্ট ও ইন্সপেক্টর

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের রেলওয়ে বোর্ড, পররাষ্ট্র মন্ত্রক, আর্মড ফোর্সেস হেডকোয়ার্টার্স, সি.এস.এস. ইত্যাদি অফিসের অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট', 'ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ /প্রিভেন্টিভ অফিসার / এক্সামিনার)', ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', 'অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার', জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার ইত্যাদি পদে কয়েক হাজার শূন্যপদের জন্য ২০২১ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা 'আপার ডিভিশন ক্লার্ক', অডিটর, 'জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট, ট্যাক্স এরপর ৪ পাতায়

আর মাত্র ১ সপ্তাহ
তারপরে সারা বছরই থাকবে আপনার হাতের মুঠোয়
পড়লে চাকরির পরীক্ষায় আসবেই
সাফল্য
কীভাবে সফল হবেন জানতে আজই ফোন করুন
এই নম্বরে 983062 4170*

পি.এস.সি'র অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার মাধ্যমে

অডিট ও অ্যাকাউন্টস অফিসার

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা : পশ্চিমবঙ্গ সরকারের 'ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস'এ কাজের জন্য কিছু ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কমার্স শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। চার্টার্ড ও কস্ট অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরাও আবেদন করার যোগ্য। এম.বি.এ. /পি.জি.ডি.এম. (ফিনান্স) কোর্স পাশরাও যোগ্য। এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত সংস্থা থেকে ফিনান্সের ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশ হলেও যোগ্য। কম্পিউটারে কাজ করায় জ্ঞান থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১-১-২০২১'র হিসাবে ২১ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৫ বা, তারপর। তপশিলীরা ৫ বছর, ও. বি. সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও শারীরিক প্রতিবন্ধীরা ৯ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। '২০২১ সালের ওয়েস্ট বেঙ্গল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস' পরীক্ষার মাধ্যমে। প্রথমে প্রিলিমিনারি লিখিত পরীক্ষা হবে, কলকাতা ও শিলিগুড়িতে। লিখিত প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে 'জেনারেল স্টাডিজ'এর ২০০ নম্বরের একটি প্রশ্নপত্র। সময় আড়াই ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় এরপর ২ পাতায়

কর্মসংস্থান ৩৫ বছরে পা দিল
পাঠক-পাঠিকা, বিক্রেতা, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদের শুভেচ্ছায়

কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস পরীক্ষার মাধ্যমে

৩ বাহিনীতে ৩৪১ অফিসার

নিজস্ব প্রতিনিধি : ভারতীয় স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৯ মাস থেকে ২ বছর ১১ মাস ট্রেনিং দিয়ে অফিসার পদে ৩৪১ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব বিভাগে : ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমিতে। কারা কোন বিভাগের জন্য যোগ্য :

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি : যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। মোট ১৮ মাসের ট্রেনিং হবে 'জেন্টলম্যান ক্যাডেট'এ। ট্রেনিংয়ের সময় প্রার্থীকে দিতে হবে মোট ৩,৭৫০ টাকা। কোনো প্রার্থী দিতে অক্ষম হলে, তখন সরকারই এরপর ৭ পাতায়

ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমি পরীক্ষার মাধ্যমে

সেনাবাহিনীতে ৪০০ অফিসার

নিজস্ব সংবাদদাতা : স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৩ বছরের ট্রেনিং দিয়ে অফিসার পদে ৪০০ জন অবিবাহিত ছেলে নিচ্ছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা স্থলবাহিনীর (আর্মি) জন্য আবেদন করতে পারেন। ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা 'বিমানবাহিনী' (এয়ারফোর্স), 'নৌবাহিনীর (নেভি)' বা, ন্যাভাল অ্যাকাডেমির ১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিমে আবেদন করতে পারেন। আগামী বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদন করার এরপর ৪ পাতায়

সমবায় ব্যাঙ্কে ৪৮ অফিসার

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গের কয়েকটি সমবায় ব্যাঙ্কে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট, ফিল্ড সুপারভাইজর, অফিস অ্যাসিস্ট্যান্ট, মার্কেটিং প্রোকিওরমেন্ট অ্যাসিস্ট্যান্ট, টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট, এরপর ২ পাতায়

২৪ ড্রাইভার

নিজস্ব প্রতিনিধি : কেন্দ্রীয় সরকারি সংস্থা সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড 'কার ড্রাইভার (অর্ডিনারি গ্রেড)' পদে ২৪ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আবেদন করতে পারেন। গাড়ি চালানোর লাইসেন্স পাওয়ার পর থেকে অন্তত ৩ এরপর ৫ পাতায়

পশ্চিমবঙ্গ জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে

ইঞ্জিনিয়ারিং ও ফার্মাসির ডিগ্রি কোর্সে ভরতি

নিজস্ব প্রতিনিধি : পশ্চিমবঙ্গের বিশ্ববিদ্যালয়, ইঞ্জিনিয়ারিং কলেজ, সরকারি কলেজ, টেকনোলজিক্যাল কলেজ, শিবপুরের বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি, যাদবপুর বিশ্ববিদ্যালয়, আলিয়া বিশ্ববিদ্যালয়, সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়, নেওটিয়া বিশ্ববিদ্যালয়-সহ সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন কলেজে 'ইঞ্জিনিয়ারিং (বি.ই.)', 'টেকনোলজি (বি.টেক.)', 'আর্কিটেকচার (বি. আর্ক)', 'মেরিন ইঞ্জিনিয়ারিং', 'প্রিন্টিং টেকনোলজি'র ডিগ্রি কোর্স আর যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ফার্মাসি, ইঞ্জিনিয়ারিং (বি.ই.) ও টেকনোলজি (বি.টেক.)'এর ডিগ্রি কোর্সে ভরতির এরপর ৭ পাতায়

ভেতরের পাতায় আছে
- রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- নানান পরীক্ষার জিজ্ঞাসা ও সাধারণ জ্ঞান

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে বৃত্তিমূলক কোর্সে ভরতি শুরু

নিজস্ব প্রতিনিধি : নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ ভোকেশনাল স্টাডিজের সেন্টার ফর লাইফলং লার্নিংয়ে স্বল্পমেয়াদী কয়েকটি কোর্সে ভরতি শুরু হয়েছে। কোন প্রতিষ্ঠানে কী কী কোর্স পড়ানো হবে :

(১) অঞ্জলী অ্যাকাডেমি অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি, পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর। মাধ্যমিক পাশরা এইসব কোর্সে ভরতির যোগ্য : (ক) ফায়ার অ্যান্ড সেফটি স্কিল্‌স, ফী ৩,০০০ টাকা। (খ) থেরাপি অ্যান্ড হেয়ার ড্রেসিং। ফী ৭,০০০ টাকা। (গ) ল্যান্ড সার্ভের ডিপ্লোমা। ফী ৭,০০০ টাকা। ৬ মাসের কোর্স। **গ্র্যাজুয়েটরা যোগ্য এই কোর্সে :** অ্যাডভান্সড ডিপ্লোমা ইন ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট। ১ বছরের কোর্স। ফী ৮,০০০ টাকা। **ক্লাস এইট পাশরা যোগ্য এই কোর্সে :** টেলারিংয়ের সার্টিফিকেট কোর্স। ৬ মাসের কোর্স। ফী ৪,০০০ টাকা। এরপর ৫ পাতায়

IDEAL INSTITUTE OF NURSING
ADMISSION OPEN FOR 2021-22 SESSION
ব্যাঙ্গালোরের খরচে পশ্চিমবঙ্গ থেকে নার্সিং কোর্স করুন
GNM NURSING
Under WBNC
স্বীকৃত কলেজ থেকে
Cheapest fees @

-: Contact :-
9007309541 / 6290427068
Consultant Contact : 8017811251

West Bengal Minorities' Development and Finance Corporation
(Amber, DD-27/E, Sector-1, Salt Lake City, Kolkata- 700064)
NOTICE
WBMDFC invites application from interested candidates for online registration to participate at
Job Fair
(on 29th January, 2022)
Online Application
1st January to 15th January, 2022
to be held at
Milan Utsav, 2022
at Park Circus Maidan.
For details, please visit
www.wbmdfc.org
Toll Free Helpline : 1800-120-2130
Contact No : 9874233774 / 7003201138
9038506070 / 9163376700 / 9007469019
Note: Only screened candidates matching with corporates' profile will be allowed entry.

কর্মসংস্থান
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

স্কুল-কলেজ-শিক্ষা

Flylink Hotel School সার্টিফিকেট কোর্স করে সরাসরি স্টার হোটেলে চাকরি নিশ্চিত, এজেন্ট স্বাগত। Mobile : 8420227546, Log in : www.fshm.co.in
D(A)

কর্মখালি

হাওড়া ছাড়া কলকাতার আশেপাশে থাকে এমন ৩২/৩৩ বছর বয়সি বি.কম/বি.এ পাশ লম্বা পুরুষ প্রার্থী চাই, যার কাজ পি.এ. হয়ে ঘরোয়া কাজে সর্বক্ষণ সঙ্গে থাকবে একই বাড়িতে। মাইনে ১০,০০০/-. M: 9433088113
SH(A)

দেখে বুঝে পা ফেলুন
চাকরির লোভে অযথা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নয়।
— সম্পাদক, 'কর্মসংস্থান'

কর্মখালি

মাসিক মাহিনায় কোচিং
By exp. faculty specially for CGL, HS Lvl, MTS, WBCS, TET (Eng.+Math.) & Comb. চ্যাপ্টার ধরে পড়ানো হয়। কলকাতা (কলেজ স্ট্রিট)। M: 8910494453
SH

জাহাজ ও ডকে চাকরি
W.B Kol. L/C No.- WB Kol-70N65, পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F নিয়োগ করানো হচ্ছে। Salary : 21,750/--56,500/-. থাকা-খাওয়া সহ ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া 4 মাস 15 দিন কাজ করার পর 23 দিনের ছুটি with salary, পোস্টিং এরিয়া পঃ বাংলার বিভিন্ন প্রান্তে, যোগাযোগ- Help - 8327329779
SA

কর্মখালি

Nalhati (Pvt) ITI, Recruitment of :
(1) Counsellor & Computer Operator (ITI / Diploma / B.Tech/Graduate) (2) Eelectrician & Fitter Instructors (CITS / ITI / Diploma / B.Tech). (3). Foreman / TPO (CITS / ITI / Diploma/B.Tech) 3 yrs exp. (4) Automobile Instructor (ITI / Diploma / B.Tech with LMV licence, (5) Motor Training Trainer / Driver (8th Pass) with LMV licence. (6) Guard / Group-D (8th Pass). Mob : 8282824274 / 8282983625. Email : npiti.recruitment@gmail.com
S(A)

কর্মখালি

জেলাভিত্তিক স্থায়ী কাজ
প্রতিটি জেলায় Pvt স্বাস্থ্য কেন্দ্রে, ATM গার্ড, টাওয়ার Co., ফ্যাক্টরি, শপিংমলে, কর্মী নিয়োগ। বেতন : 12,500/--19,600/-. যোগাযোগ M . 8276013564
SA

কর্মখালি

সরাসরি কর্মী নিয়োগ
প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., শপিং মলে, Pvt. Co., ফ্যাক্টরি, স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500-22,500. যোগাযোগ - M : 9051457091
SA

কর্মখালি

আর্জেন্ট কর্মী নিয়োগ
প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম, কোম্পানি, শপিং মল, ফ্যাক্টরিতে, টাওয়ার Co.-তে, ATM- এ কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500/--18,300/-. থাকা খাওয়া ফ্রী। যোগাযোগ Mob : 8695361067.
SA

প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব
WB L/C No. Kol-50W85, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে Pvt. Bank-এ Back-office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F জেলা ভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 18,500/--34,700/-. ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Help - 8697410492
SA

সমবায় ব্যাঙ্কে ৪৮ অফিসার

১ পাতার পর

কম্পিউটার / ক্যাল ক্লার্ক, গ্রেড-III ও সুপারভাইজর পদে ৩৪ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। নেওয়া হবে পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ সার্ভিস কমিশনের মাধ্যমে। কারা কোন পদের জন্য যোগ্য :

পোস্ট কোড : 215001. লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট : কমার্স শাখার অনার্স গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। এম.সি.এ. কোর্স পাশ হলে ভালো হয়। শুরুতে মাইনে : ২৬,৬০৫ টাকা। শূন্যপদ : ১১টি (জেনাঃ)। চাকরি হবে কলকাতা পুলিশ কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

পোস্ট কোড : 215002. অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-III). যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ২৯,৫৪৪ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১, তঃজাঃ ১)। চাকরি হবে দুর্গাপুর স্টিল পিওপিলস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে।

পোস্ট কোড : 215002. ফিল্ড সুপারভাইজর /অফিস অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-III) : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। শুরুতে ট্রেনিংয়ের সময় মাইনে : ২০,০০০ টাকা। সফল হলে মাইনে ২৬,৯৭১ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। চাকরি হবে বর্ধমান কো-অপারেটিভ অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

পোস্ট কোড : 215002. অফিস অ্যাসিস্ট্যান্ট। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ২৬,৬০৫ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, তঃজাঃ১)। চাকরি হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে।

পোস্ট কোড : 215002. মার্কেটিং প্রোকিওরমেন্ট অ্যাসিস্ট্যান্ট। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ২৬,৬০৫ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। চাকরি হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে।

পোস্ট কোড : 215002. টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ২৬,৬০৫ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে।

পোস্ট কোড : 215002. কম্পিউটার /ক্যাশ ক্লার্ক। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ২৫,৭৬০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ২)। চাকরি হবে নবগ্রাম পিওপিলস কো-অপারেটিভ ক্রেডিট ব্যাঙ্ক লমিটেডে।

পোস্ট কোড : 215002. গ্রেড-III : যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। শুরুতে মাইনে : ২৫,৭২৯ টাকা। শূন্যপদ : ৩টি (তঃজাঃ ১, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১)। চাকরি হবে বাঁকুড়া জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

পোস্ট কোড : 215002. সুপারভাইজর। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। ২ চাকার গাড়ি চালানোয় দক্ষতা থাকতে হবে। শুরুতে মাইনে : ১৬,৪০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ)। চাকরি হবে আরামবাগ কো-অপারেটিভ অ্যাগ্রিকালচারাল অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেডে।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২১'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা ৫ বছর বয়সে ছাড় পাবেন। সব ক্ষেত্রেই মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা, সমতুল যোগ্যতায় প্রথম /দ্বিতীয় ভাষা হিসাবে বাংলা বিষয় থাকতে হবে। এই পদের বিজ্ঞপ্তি নং 05/2021

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে, কলকাতায়। দু'টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে দেড় ঘন্টার ১০০ নম্বরের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রশ্ন হবে এইসব বিষয়ে : কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, টেস্ট অফ রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

দ্বিতীয় পেপারে দেড় ঘন্টার ১০০ নম্বরের ডেসক্রিপিটিভ টাইপের প্রশ্ন হবে ইংরিজি ও বাংলা বিষয়ে।

সফল হলে ইন্টারভিউ আর কম্পিউটারটেস্ট। কবে কোথায় পরীক্ষা হবে তা চিঠি পাঠিয়ে জানানো হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইট থেকে।

দরখাস্ত করতে পারবেন অনলাইনে ২১ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.webcsc.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন, ম্যাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সারমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ৬৫০ (তপশিলী হলে ২৫০) টাকা নেট ব্যাঙ্কিং / ডেবিট কার্ড / ক্রেডিট কার্ডের মাধ্যমে জমা দেবেন। এরপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর সহ রিসিপ্ট তৈরি হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তাতে যে রেজিস্ট্রেশন নম্বর থাকবে, তা যত্ন করে রেখে দিতে হবে।

১৪ অফিসার

পশ্চিমবঙ্গের কয়েকটি সমবায় ব্যাঙ্কে গ্রেড-II, মার্কেটিং অফিসার, জুনিয়র মার্কেটিং অফিসার, অফিসার, জুনিয়র প্রকিওরমেন্ট অফিসার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (মার্কিটিং) পদে ১৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

পোস্ট কোড : 214001. গ্রেড-II, স্কেল-II : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। শুরুতে ট্রেনিংয়ের সময় মাইনে : ৬৮,৭০৩ টাকা। শূন্যপদ : ২টি (তঃজাঃ ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১)। চাকরি হবে বাঁকুড়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

পোস্ট কোড : 214002. গ্রেড-II, স্কেল-I : কমার্স শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। শুরুতে ট্রেনিংয়ের সময় মাইনে : ৫১,৫৬২ টাকা। শূন্যপদ : ১টি (তঃজাঃ)। চাকরি হবে বাঁকুড়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেডে।

পোস্ট কোড : 214003. প্রোকিওরমেন্ট অফিসার (টেক) : হ্যান্ডলুম অ্যান্ড টেক্সটাইলের ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শুরুতে ট্রেনিংয়ের সময় মাইনে : ৪৯,৪৯০ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে (তন্তুজ)।

পোস্ট কোড : 214004. মার্কেটিং অফিসার : যে কোনো শাখার অনার্স গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। এম.বি.এ. বা, পি.জি.ডি.এম. (মার্কেটিং) কোর্স পাশ হতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। মার্কেটিংয়ের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শুরুতে ট্রেনিংয়ের সময় মাইনে : ৪৯,৪৯০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে (তন্তুজ)।

পোস্ট কোড : 214005. অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (মার্কেটিং) : যে কোনো শাখার অনার্স গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। এম.বি.এ. বা, পি.জি.ডি.এম. (মার্কেটিং) কোর্স পাশ হতে হবে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। সেলস ও মার্কেটিংয়ের কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শুরুতে ট্রেনিংয়ের সময় মাইনে : ৪৬,৩৮৫ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে (তন্তুজ)।

পোস্ট কোড : 214007. জুনিয়র মার্কেটিং অফিসার : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। শুরুতে ট্রেনিংয়ের সময় মাইনে : ৩৭,৪১৫ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে (তন্তুজ)।

পোস্ট কোড : 214008. জুনিয়র প্রোকিওরমেন্ট অফিসার : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের কোর্স পাশ হতে হবে। শুরুতে ট্রেনিংয়ের সময় মাইনে : ৩৭,৪১৫ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে দ্য ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডে (তন্তুজ)।

পোস্ট কোড : 214009. অফিসার (স্কেল-I) : সফটওয়্যার বা, হার্ডওয়্যারের বি.টেক. বা, এম.টেক. কোর্স পাশরা যোগ্য। সফটওয়্যার প্যাকেজ ডেভেলপিংয়ের কাজে জ্ঞান থাকতে হবে। শুরুতে ট্রেনিংয়ের সময় মাইনে : ২৮,৫৩২ টাকা। শূন্যপদ : ১টি (জেনাঃ)। চাকরি হবে নবগ্রাম পিওপিলস কো-অপারেটিভ ক্রেডিট ব্যাঙ্ক লিমিটেডে।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-১-২০২১'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা ৫ বছর বয়সে ছাড় পাবেন। সব ক্ষেত্রেই মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা, সমতুল যোগ্যতায় প্রথম /দ্বিতীয় ভাষা হিসাবে বাংলা বিষয় থাকতে হবে। এই পদের বিজ্ঞপ্তি নং 04/2021.

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ সার্ভিস কমিশন। প্রথমে লিখিত পরীক্ষা হবে, কলকাতায়। দু'টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে দেড় ঘন্টার ১০০ নম্বরের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রশ্ন হবে এইসব বিষয়ে : কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, টেস্ট অফ রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

দ্বিতীয় পেপারে দেড় ঘন্টার ১০০ নম্বরের ডেসক্রিপিটিভ টাইপের প্রশ্ন হবে ইংরিজি ও বাংলা বিষয়ে।

সফল হলে ইন্টারভিউ আর কম্পিউটারটেস্ট। কবে কোথায় পরীক্ষা হবে তা চিঠি পাঠিয়ে জানানো হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওয়েবসাইট থেকে। দরখাস্ত করতে পারবেন অনলাইনে ২১ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.webcsc.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন, ম্যাধ্যমিকের অ্যাডমিট কার্ড ও কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ৬৫০ (তপশিলী হলে ২৫০) টাকা নেট ব্যাঙ্কিং / ডেবিট কার্ড / ক্রেডিট কার্ডের মাধ্যমে জমা দেবেন। এরপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর সহ রিসিপ্ট তৈরি হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। তাতে যে রেজিস্ট্রেশন নম্বর থাকবে, তা যত্ন করে রেখে দিতে হবে।

অডিট অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার

১ পাতার পর

থাকবে ২টি গ্রুপ। প্রথম গ্রুপে থাকবে : (১) ইংরিজি কম্পোজিশন -৫০ নম্বর, (২) জেনারেল নলেজ, জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্ব, ভারতের ইতিহাস, ভারতের জাতীয় আন্দোলন, ভূগোল ও রিজনিং - ৪০ নম্বর, (৩) ভারতীয় সংবিধান (নীতি আয়োগ, প্ল্যানিং কমিশন, ফিনান্স কমিশন, ফিনান্স অ্যাকাউন্ট অ্যান্ড অডিট) - ৩৫ নম্বর। দ্বিতীয় গ্রুপে থাকবে : (১) বিজনেস ম্যাথমেটিক্স অ্যান্ড স্ট্যাটিস্টিক্স-৩৫ নম্বর, (২) অ্যাকাউন্টিং অ্যান্ড কস্টিং -৪০ নম্বর।

সফল হলে 'মেন' পরীক্ষা হবে কলকাতায়। ৮০০ নম্বরের মেন পরীক্ষায় ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন থাকবে। এর মধ্যে ৫০০ নম্বরের ৫টি আবশ্যিক বিষয় থাকবে : (১) ইংরিজি প্রবন্ধ, প্রেসি লেখা ও কম্পোজিশন, (২) বাংলা প্রবন্ধ, প্রেসি লেখা ও কম্পোজিশন, (৩) জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স, (৪) বাণিজ্যিক অঙ্ক ও স্ট্যাটিস্টিক্স, (৫) অডিটিং।

এছাড়াও ঐচ্ছিক বিষয়ে থাকবে ৩০০ নম্বর। ৩টি গ্রুপের প্রতিটি থেকে ১টি করে পেপার নিতে হবে। 'এ' গ্রুপে থাকবে এইসব বিষয় : (১) ম্যাক্রো ইকনমিক্স অ্যান্ড পাব্লিক ফিনান্স, (২) ইন্ডিয়ান ফিনান্সিয়াল সিস্টেম, (৩) ইকনমিক প্রিন্সিপ্যাল অ্যান্ড ইন্ডিয়ান ইকনমিক প্রবলেম। 'বি' গ্রুপে থাকবে এইসব বিষয় : (১) বিজনেস রেগুলেটরি ফ্রেমওয়ার্ক, (২) কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টিং, (৩) অ্যাডভান্সড অ্যাকাউন্ট্যান্সি। 'সি' গ্রুপে থাকবে এইসব বিষয় : (১) বিজনেস ম্যানেজমেন্ট, (২) ডিরেক্ট অ্যান্ড ইনডায়রেক্ট ট্যাক্সেশন, (৩) ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইটস অ্যাপ্লিকেশন ইন বিজনেস। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর। সময় থাকবে ৩ ঘন্টা। সফল হলে ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in এই পদের বিজ্ঞপ্তি নং : ১২/২০২১।

দরখাস্ত করবেন শুধুমাত্র অনলাইনে। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in, www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ টাকা (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। কবে থেকে দরখাস্ত নেওয়া শুরু হবে, পরীক্ষা কবে, পরীক্ষার সিলেবাস-সহ বিস্তারিত তথ্য নিয়ে মূল বিজ্ঞপ্তি বেরোবে জানুয়ারির মাসের প্রথম সপ্তাহে।

লাস্ট মিনিট সাজেশন

রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষা শুরু হবে ২০২২ সালের ২৩ ফেব্রুয়ারি থেকে। হাতে আর মাত্র কয়েক মাস। এই পরীক্ষাতে প্রশ্ন কেমন আসবে, সিলেবাস কী, কীভাবে পড়লে লিখিত পরীক্ষায় সহজেই পাশ করতে পারবেন। প্রত্যেকটি বড় পরীক্ষার আগেই ওই পরীক্ষা নিয়ে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে, তাতে সবাই 'লাস্ট মিনিট সাজেশন' দেওয়ার অনুরোধ করেন। মিসলেনিয়াস প্রিলি. পরীক্ষা, ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষা, ক্লার্কশিপ, আই.সি.ডি.এস, নার্সিং পরীক্ষা অর্থাৎ এবছরে হওয়া সব পড় পরীক্ষাতেই 'কর্মসংস্থান'এ প্রকাশিত প্রশ্নোত্তরের সেট থেকে অনেক প্রশ্ন সরাসরি কমন এসেছে। এছাড়া রেলের NTPC পদের CBT-1 পরীক্ষাতেও অনেক প্রশ্ন হুবহু কমন এসেছে। সেইজন্যই হয়তো এতো অনুরোধ। তাই আমাদের লাখ-লাখ পাঠক-পাঠিকাদের অনুরোধ মাথায় রেখে এই পরীক্ষার ৫০টি প্রশ্নোত্তর দেওয়া হল। পরিকল্পনা ও রূপায়নে রঞ্জিৎ ঘোষ।

'লাস্ট মিনিট সাজেশন'

রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার

ই-মেল : karmajiggasa@gmail.com

1. প্রদত্ত চিত্রে ক'টি ত্রিভুজ আছে?



(A) 12 (B) 14 (C) 19 (D) 17

2. কোনো একটি সংখ্যার 38%, 133 হলে সংখ্যাটি কত?
(A) 340 (B) 360 (C) 355 (D) 350

3. তারিখ-ই-হিন্দ এর রচয়িতা কে?
(A) আমির খসরু (B) ইবন বতুতা (C) ফেরিস্তা (D) আলবেরুনী

4. ব্লাড ব্যাঙ্কে রক্তজমন রোধক হিসাবে সবথেকে বেশি কী ব্যবহৃত হয়?
(A) সোডিয়াম সাইট্রেট (B) হেপারিন (C) হিরুডিন (D) ক্যালসিয়াম সাইট্রেট

5. BCCI-এর সদর দফতর কোথায় অবস্থিত?
(A) মুম্বাই (B) দিল্লি (C) কলকাতা (D) চেন্নাই

6. 'P' কক্ষে সর্বোচ্চ ক'টি ইলেকট্রন থাকতে পারে?
(A) 18 (B) 8 (C) 6 (D) 2

7. ভেনু হল অভনির ছেলে। অভনির ভাইয়ের ছেলে অমিত। অমিতের মায়ের সঙ্গে ভেনুর সম্পর্ক কী?
(A) বোন (B) মেটেরনাল আন্ট (C) খুড়তুতো বোন (D) পেটারনাল আন্ট

8. মানুষের শরীরে সুষুম্না স্নায়ুর সংখ্যা ক'টি?
(A) 31 (B) 31 জোড়া (C) 12 জোড়া (D) 12

9. ASSOCHAM-এর পুরো নাম কী?
(A) Association of Commerce (B) Associated Chambers of Commerce and Industry of India (C) Associate Chambers in India (D) Associated Commerce

10. নীচের কোনটি দিয়ে পারমাণবিক ব্যাসার্ধ পরিমাপ করা হয়?
(A) সেন্টিমিটার (B) মাইক্রোমিটার (C) ন্যানোমিটার (D) মিলিমিটার

11. A, B-এর ভাই। B, C-এর কন্যা ও D হল A-র পিতা। তাহলে C, D-এর কে হন?
(A) স্বামী (B) নাতনি (C) স্ত্রী (D) ঠাকুরদা

12. ভারতীয় সিভিল সার্ভিস পরীক্ষার জনক কে?
(A) ডালহৌসী (B) বেন্টিঙ্ক (C) কর্ণওয়ালিস (D) রিপন

13. নীচের কোনটি কম্পিউটারে স্থায়ীভাবে তথ্য সংরক্ষণ (Data Store) করে?
(A) A.L.U. (B) ROM (C) Cache Memory (D) RAM

14. শেষ মুঘল সম্রাট কে ছিলেন?
(A) প্রথম বাহাদুর শাহ (B) দ্বিতীয় আকবর (C) দ্বিতীয় শাহ আলম (D) দ্বিতীয় বাহাদুর শাহ

15. কোন সুলতান সর্বপ্রথম জমি জরিপ ব্যবস্থা করেন?
(A) আলাউদ্দিন খিলজী (B) সিকন্দর লোদী (C) শের শাহ (D) আকবর

16. সিনেমা হলে প্রোজেক্টর (Projector) রূপে কোন লেন্স ব্যবহৃত হয়?
(A) উত্তল লেন্স (Convex lens) (B) মেনিসকাস লেন্স (Meniscus lens) (C) অবতল লেন্স (Concave lens) (D) জুম লেন্স (Zoom lens)

17. কবে প্রথম ফ্যাক্টরি আইন গৃহীত হয়?
(A) 1881 (B) 1891 (C) 1901 (D) 1911

18. শতদ্রু নদী নীচের কোন নদীর উপনদী
(A) সিন্ধু নদ (B) বিপাশা (C) ঝিলাম (D) চন্দ্রভাগা

19. রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার লোগোতে কোন পশুর পরিচয় চিহ্ন রয়েছে?
(A) সিংহ (B) বাঘ (C) প্যান্থার (D) হাতি

20. C++ কী?
(A) একটি অপারেটিং সিস্টেম (B) একটি ইনপুট ডিভাইস (C) একটি প্রোগ্রামিং ল্যাঙ্গোয়েজ (D) একটি অ্যাসেম্বলি ল্যাঙ্গোয়েজ

21. সর্বশিক্ষা অভিযান কোন বয়সের শিশুদের জন্য কার্যকরী —
(A) 5 - 10 বছর (B) 4 - 10 বছর (C) 4 - 14 বছর (D) 6 - 14 বছর

22. 5 অঙ্কের (digit) কোন বৃহত্তম (greatest) সংখ্যা (number) 315 দিয়ে বিভাজ্য (divisible)?
(A) 99875 (B) 99835 (C) 99985 (D) 99855

23. নীচের শ্রেণীতে যুক্ত অক্ষরগুলি নির্ণয় করুন। AOP, CQR, EST, GUV, ?
(A) IYZ (B) HWX (C) IWX (D) JWX

24. ভদ্রলোককে দেখিয়ে মহিলা বললেন, 'উনি আমার মায়ের মার একমাত্র পুত্র'। ভদ্রমহিলা ভদ্রলোকের কে হন?
(A) মা (Mother) (B) বোনঝি (Niece) (C) কাকিমা / মাসিমা (Aunt) (D) বোন (Sister)

25. যদি Z = 26 এবং NET = 39 হয়, তাহলে NUT = ?
(A) 55 (B) 50 (C) 53 (D) 56

26. নীচের কোনটি একটি Operating System (OS) নয়?
(A) উইন্ডোজ (Windows) (B) ডস্ (DOS) (C) লিনাক্স (Linux) (D) ওরাক্ল (Oracle)

27. কোনো ঘড়িতে 4 টার ঘণ্টা বাজতে 4 সেকেন্ড সময় লাগে। ওই ঘড়িতে 8 টার ঘণ্টা বাজতে কত সময় লাগবে?
(A) $9\frac{1}{3}$ সেকেন্ড (B) 6 সেকেন্ড (C) 12 সেকেন্ড (D) $9\frac{2}{3}$ সেকেন্ড

28. 'Amphan' নামটি কোন দেশ দিয়েছিল?
(A) বাংলাদেশ (B) পাক-ই-স্তান (C) নেপাল (D) তাইল্যান্ড

29. 5629 থেকে কত ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ করলে বিয়োগফলটি পূর্ণবর্গ হবে?
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

30. প্রথম 8 টি বিজোড় মৌলিক সংখ্যার গড় কত?
(A) 12.5 (B) 12.25 (C) 9.625 (D) 9.5

31. দু'টি সংখ্যার ল.সা.গু. (LCM) ও গ.সা.গু. (HCF) হল যথাক্রমে 315 ও 7। যদি একটি সংখ্যা 35 হয় তবে অন্য সংখ্যাটি কত?
(A) 55 (B) 35 (C) 105 (D) 63

32. যদি কোনো দু'টি সংখ্যার যোগফলের 30% তাদের বিয়োগফলের 40% এর সমান হয় তবে বড় সংখ্যা ও ছোট সংখ্যার অনুপাত কত হবে?
(A) 4 : 3 (B) 5 : 2 (C) 7 : 1 (D) 7 : 2

33. একটি ঘড়ির মূল্য ধার্য আছে 1500 টাকা। 20% ছাড়ে বিক্রি করলে বিক্রয়মূল্য কত ছিল?
(A) 1200 (B) 1800 (C) 1500 (D) 1600

34. 'ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) মধ্য প্রদেশ (B) মহারাষ্ট্র (C) ওড়িশা (D) তেলেঙ্গনা

35. যদি $x+y = 19$ ও $x-y = 7$ হয়, তাহলে $xy=$ কত?
(A) 78 (B) 48 (C) 28 (D) 24

36. Onam উৎসব কোন রাজ্যে পালিত হয়?
(A) মধ্যপ্রদেশ (B) কেরল (C) মেঘালয় (D) ত্রিপুরা

37. 6 টি সংখ্যার গড় 46 ও প্রথম 5 টি সংখ্যার গড় 45, ষষ্ঠ সংখ্যাটি কত?
(A) 40 (B) 51 (C) 60 (D) 70

38. প্রথম জিনগত উপাদানটি কী?
(A) RNA (B) DNA (C) প্রোটিন (D) কার্বোহাইড্রেট

39. একটি নির্দিষ্ট কোডে, যদি KITE লেখা হয় 108194, তাহলে TEAR লেখা হবে — (RRB Gr-D 2008)
(A) 194018 (B) 195118 (C) 194017 (D) 194118

40. কলকাতার ফোর্ট উইলিয়ম কবে প্রতিষ্ঠিত হয়?
(A) 1698 সালে (B) 1690 সালে (C) 1700 সালে (D) 1757 সালে

41. ভারতের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ রিপিন রাওয়াত যে হেলিকপটার দুর্ঘটনা মারা গেলেন সেটি হল —
(A) চেতক (B) MI 26 (C) MI 17V5 (D) চিতা

42. ২০২১ সালের মিস ইউনিভার্স হরনাজ সান্ধু ভারতের কোন রাজ্যের বাসিন্দা?
(A) পঞ্জাব (B) রাজস্থান (C) হিমাচল প্রদেশ (D) কেরালা

43. কাশি বিশ্বনাথ মন্দির উত্তর প্রদেশের কোন এলাকায় অবস্থিত?
(A) বারানসী (B) লখনৌ (C) এলাহবাদ (D) কানপুর

44. গৌতম বুদ্ধ সেতু কোন নদীর ওপরে তৈরি হয়েছে?
(A) মহানদী (B) গন্ধক নদী (C) সোন নদী (D) সারাবতী নদী

45. ওয়াঘা বর্ডার কোন কোন দেশের মধ্যে দিয়ে গেছে?
(A) ভারত ও চিন (B) ভারত ও শ্রীলঙ্কা (C) ভারত ও বাংলাদেশ (D) ভারত ও পাক-ই-স্তান

46. 'ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া'র নতুন চেয়ারপার্সন কে হলেন?
(A) হর্কীর্তি সিং (B) স্বেতা কুম্বলে (C) অলকা উপাধ্যায় (D) কোনোটিই নয়

47. ভারতের সবথেকে শিক্ষিত কেন্দ্রশাসিত অঞ্চল কোনটি?
(A) পুদুচেরী (B) লাক্ষদ্বীপ (C) চণ্ডীগড় (D) দিল্লি

48. $cosec(90^0-\theta)$ = ?
(A) $\sec\theta$ (B) $\tan\theta$ (C) $\cot\theta$ (D) $\cos\theta$

49. উড়োজাহাজের মধ্যে যে ব্ল্যাক বক্স থাকে, সেটি কি রঙের হয়?
(A) কালো (B) কমলা (C) লাল (D) হলুদ

50. 16 ও 24 এর ল.সা.গু ও গ.সা.গু. নির্ণয় কর?
(A) 8, 24 (B) 4, 24 (C) 4, 48 (D) 8, 48

উত্তর

1(D). 2(D). 3(D). 4(A). 5(A). 6(C). 7(B). 8(A). 9(B). 10(C). 11(C). 12(C). 13(B). 14(D). 15(A). 16(A). 17(A). 18(A). 19(B). 20(C). 21(D). 22(D). 23(C). 24(B). 25(A). 26(D). 27(A). 28(D). 29(D). 30(D). 31(D). 32(C). 33(A). 34(B). 35(A). 36(B). 37(B). 38(A). 39(C). 40(C). 41(C). 42(A). 43(A). 44(B). 45(D). 46(C). 47(B). 48(A). 49(B). 50(D).

কর্মখালি
ZILLA PUBLIC SCHOOL
CBSE (H.S.)
TAMLUK, EAST MIDNAPUR
Qualified Trained Teachers for following Subjects:- Political Science, Physics, History
Apply Through-
zillapublicschool2006@gmail.com
Mobile-9064065030

সরকারী স্বীকৃত স্বাস্থ্য পরিষেবা কোর্স করুন ও চাকরি পান
উচ্চ মাধ্যমিক যোগ্যতায় Sanitary Inspector 1 বছরের কোর্স
ও মাধ্যমিক যোগ্যতায় CMS, DMLT (2 yrs.), TB ও SWM (6 মাস) কোর্স (Practical ও Internship সহযোগে) অন লাইন ক্লাসের সুবিধা। শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে যেমন রেল, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), ভিডিসি ও প্যাথোলজিক্যাল ল্যাব।
IIHT 225 B. B. Ganguly Street, Bowbazar, Kol-12 ভর্তি চলছে
7003224427, 9836396734, 9051260924
Website : www.iiht.in 10 AM to 5 PM

NETAJI SUBHAS OPEN UNIVERSITY ভর্তির বিজ্ঞপ্তি জানুয়ারি-২০২২
পাঠকেন্দ্র : শান্তিদেবী বিদ্যানিকেতন (V-10) ■ বড়চাঁদঘর, পলাশী, নদীয়া, পিন-৭৪১১৫৬
Mob.: 9733638357 // 9800202184

কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার অডিটর

১ পাতার পর

অ্যাসিস্ট্যান্ট', 'অন্যান্য সংস্থার অ্যাসিস্ট্যান্ট', 'ইন্সপেক্টর', 'ইন্সপেক্টর সেন্ট্রাল এক্সাইজ/প্রিভেন্টিভ অফিসার / এক্সামিনার)', ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট, ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, 'সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর', অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার/অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার, অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার' পদের জন্য আবেদন করতে পারেন। তবে অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার পদের বেলায় কম্পিউটারে দক্ষতা থাকতে হবে।

অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার /অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার পদের বেলায় চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট, কোম্পানি সেক্রেটারি কোর্স পাশ কিংবা কমার্সের মাস্টার ডিগ্রি, বিজনেস স্টাডিজের মাস্টার ডিগ্রি, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স), বিজনেস ইকনমিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়।

স্ট্যাটিস্টিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার' পদের জন্য আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিকে অঙ্ক বিষয়ে অন্তত ৬০% নম্বর পেয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য।

স্ট্যাটিস্টিক্স অন্যতম বিষয় হিসাবে নিয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-।।' পদের জন্য আবেদন করতে পারেন।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'অ্যাসিস্ট্যান্ট ইন ন্যাশনাল কোম্পানি ল অ্যাপেলেট ট্রাইবুন্যাল' পদের জন্য আবেদন করতে পারেন। আইনের ডিগ্রি কোর্স পাশ হলে ভালো হয়।

যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা 'রিসার্চ অ্যাসিস্ট্যান্ট (ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন)' পদের জন্য আবেদন করতে পারেন। গবেষণার কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ১ জানুয়ারির মধ্যে পাশ মার্কশীট দেখাতে হবে। কোন গ্রুপে কত মাইনে ও কত বয়স থাকতে হবে :

অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। চাকরি হবে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট আন্ডার ক্যাগ-এ, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা। চাকরি হবে ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট আন্ডার ক্যাগ-এ, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিসে, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে ইন্টেলিজেন্স ব্যুরোতে, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে মিনিস্ট্রি অফ রেলওয়েতে, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে মিনিস্ট্রি অফ এক্সটার্নাল অ্যাফেয়ার্সে, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে এ.এফ.এইচ.কিউ, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রিজ /ডিপার্টমেন্টস /অর্গানাইজেশনে, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রিজ /ডিপার্টমেন্টস /অর্গানাইজেশনে, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রিজ / ডিপার্টমেন্টস / অর্গানাইজেশনে, 'বি' শ্রেণিতে।

ইন্সপেক্টর অফ ইনকাম ট্যাক্স। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.ডি.টি., 'সি' শ্রেণিতে।

ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ)। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

ইন্সপেক্টর (প্রিভেন্টিভ অফিসার)। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে :৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

ইন্সপেক্টর (এক্সামিনার)। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি.'তে, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে ডিরেক্টরেট অফ এনফোর্সমেন্ট, ডিপার্টমেন্ট অফ রেভিনিউয়ে, 'বি' শ্রেণিতে।

সাব-ইন্সপেক্টর। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশনে, 'বি' শ্রেণিতে।

ইন্সপেক্টর পোস্ট। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ পোস্টে, 'বি' শ্রেণিতে।

ইন্সপেক্টর। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সে, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রকালয় /বিভাগ / সংস্থায়, 'বি' শ্রেণিতে।

অ্যাসিস্ট্যান্ট /সুপারিন্টেন্ডেন্ট। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রকালয় /বিভাগ / সংস্থায়, 'বি' শ্রেণিতে।

ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে সি অ্যান্ড এ.জি.'এর অধীন অফিসার পদে, 'বি' শ্রেণিতে।

সাব-ইন্সপেক্টর। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে, 'বি' শ্রেণিতে।

জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। চাকরি হবে স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশনে, 'বি' শ্রেণিতে।

অডিটর। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে অফিসার আন্ডার সি অ্যান্ড এ.জি.-তে, 'সি' শ্রেণিতে।

অডিটর। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে অফিসার আন্ডার সি.জি.ডি.এ.-তে, 'সি' শ্রেণিতে।

অডিটর। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে আদার মিনিস্ট্রি / ডিপার্টমেন্টসে, 'সি' শ্রেণিতে।

অ্যাকাউন্ট্যান্ট। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে সি অ্যান্ড এ.জি.'র অধীনে, 'সি' শ্রেণিতে।

অ্যাকাউন্ট্যান্ট / জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৯,২০০-৯২,৩০০ টাকা। চাকরি হবে অন্যান্য মন্ত্রকালয় বা, বিভাগে, 'সি' শ্রেণিতে।

সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট /আপার ডিভিশন ক্লার্ক। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল গভঃ অফিস/মিনিস্ট্রিজ আদার দ্যান সি.এস.সি.এস. ক্যাডারে, 'সি' শ্রেণিতে।

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সি.বি.ডি.টি.-তে, 'সি' শ্রেণিতে।

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট। বয়স হতে হবে ২০ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সি.বি.আই.সি. তে, 'সি' শ্রেণিতে।

সাব-ইন্সপেক্টর। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। চাকরি হবে সেন্ট্রাল ব্যুরো অফ ন্যারকোটিক্সে, 'সি' শ্রেণিতে।

২০ থেকে ২৭ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৪ থেকে ১-১-২০০১'এর মধ্যে।

১৮ থেকে ৩০ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯২ থেকে ১-১-২০০৪'এর মধ্যে।

২০ থেকে ৩০ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯২ থেকে ১-১-২০০২'এর মধ্যে।

১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯৫ থেকে ১-১-২০০৪'এর মধ্যে।

১৮ থেকে ৩২ বছরের মধ্যে বয়স হলে জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৯০ থেকে ১-১-২০০৪'এর মধ্যে।

সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২২'র হিসাবে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে সি.বি.আই.'এর সাব-ইন্সপেক্টর পদে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ (উপজাতি ও পাহাড়ী অঞ্চলের প্রার্থী হলে ১৬০) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৭৬ সেমি। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫০ (উপজাতি ও পাহাড়ী অঞ্চলের প্রার্থী হলে ১৪৫) সেমি। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯, কাছের বেলায় এক চোখে ০.৬ ও অন্য চোখে ০.৮।

ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ/এক্সামিনার/প্রিভেন্টিভ অফিসার /ইন্সপেক্টর) ও সাব-ইন্সপেক্টর (সি.বি.এন.) পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৫২.৫) সেমি, বুকের ছাতি না ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি। এই পদের বেলায় শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার পায়ে হাঁটা আর ৩০ মিনিটে ৮ কি.মি. সাইকেল চালানো। মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২ (তপশিলী উপজাতি হলে ১৪৯.৫) সেমি আর ওজন হতে হবে ৪৮ (তপশিলী উপজাতি হলে ৪৬) কেজি। শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ২০ মিনিটে ১ কি.মি. পায়ে হাঁটা আর ২৫ মিনিটে ৩ কি.মি. সাইকেল চালানো। শূন্যপদের সংখ্যা পরে জানানো হবে। মোট শূন্যপদের মধ্যে তপশিলী জাতি, তপশিলী উপজাতি, ও.বি.সি., ই.ডব্লু.এস., প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। 'Combined Graduate Level Examination, 2021'এর মাধ্যমে। প্রার্থী বাছাই হবে ৪টি ধাপে। প্রথম (ফার্স্ট টায়ার) ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে কম্পিউটার বেসড পরীক্ষা। এই পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের।

তৃতীয় ধাপে (থার্ড টায়ার) থাকবে পেন ও পেপার মোডে (ডেসক্রিপ্টিভ টাইপের) টেস্ট। চতুর্থ ধাপে (ফোর্থ টায়ার) থাকবে কম্পিউটার দক্ষতার পরীক্ষা বা, স্কিল টেস্ট/সার্টিফিকেট ভেরিফিকেশন।

প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে এপ্রিল মাস নাগাদ। পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা (কোড ৪১১০), শিলিগুড়ি (৪৪১৫), আসানসোল (৪৪১৭), কল্যাণী (৪৪১৯), গ্যাংটক (৪০০১), ভুবনেশ্বর (৪৬০৪), কটক (৪৬০৫), পটনা (৩২০৬), রাঁচি (৪২০৫), গুয়াহাটি (দিসপুর) (৫১০৫), ইম্ফল (৫৫০১), শিলং (৫৪০১), আইজল (৫৭০১), আগরতলা (৫৬০১), কোহিমা (৫৩০২), শিলচর (৫১১১), পোর্ট ব্লেয়ার (৪৮০২), সম্বলপুর (৪৬০৯), জোড়হাট (৫১০৭), চূড়াচন্দপুর (৫৫০২), মজঃফরপুর (৩২০৫)।

সব পদের বেলায় প্রথম ধাপের (ফার্স্ট টায়ার) পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে: (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (৪) ইংলিশ কম্প্রিহেনশন - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। মোট ১ ঘন্টার পরীক্ষা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

প্রথম ধাপের (ফার্স্ট টায়ার) পরীক্ষায় প্রতিটি পেপারে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন ও দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা দিতে পারবেন।

সব পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) পেপার-। : কোয়ান্টিটেটিভ এবিলিটি -২০০ নম্বরের ১০০টি প্রশ্ন। (২) পেপার-।।: ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন -২০০ নম্বরের ২০০টি প্রশ্ন। সময় ২ ঘন্টা।

জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার' পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষায় ওপরের ওইসব বিষয় ছাড়াও স্ট্যাটিস্টিক্স বিষয়ের ২০০ নম্বরের ১০০টি প্রশ্নের আরো একটি পেপারের পরীক্ষা দিতে হবে।

অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার বা, অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার' পদের বেলায় দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষায় ওপরের (পেপার-। ও পেপার-।।) ছাড়াও জেনারেল স্টাডিজ (ফিনান্স অ্যান্ড ইকনমিক্স) বিষয়ের ২০০ নম্বরের ১০০টি প্রশ্নের আরো একটি পেপারের পরীক্ষা দিতে হবে। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে।

দ্বিতীয় ধাপের (সেকেন্ড টায়ার) পরীক্ষা হবে তা পরে জানানো হবে।

ওপরের ওইসব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। টায়ার-।'এর বেলায় প্রতিটি প্রশ্নের ভুল উত্তর দিলে প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। টায়ার-।।'এর বেলায় প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। সব ক্ষেত্রেই উত্তর দিতে হবে 'ও.এম.আর.' শীটে।

তৃতীয় ধাপের (থার্ড টায়ার) পেন ও পেপার বেসড মোডের পরীক্ষা কবে হবে তা পরে জানানো হবে। এই পেপারে ডেসক্রিপ্টিভ টাইপের ১০০ নম্বরের পরীক্ষায় থাকবে প্রবন্ধ লেখা, প্রেসি লেখা, চিঠি লেখা ও অ্যাপ্লিকেশন লেখা ইত্যাদি। সময় থাকবে ৬০ মিনিট। অডিটর, অ্যাকাউন্ট্যান্ট ও ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় ইন্টারভিউ হবে না। তবে ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় কম্পিউটারে ঘন্টায় ৮,০০০ কী ডিপ্রেশনের গতিতে ডাটা এন্ট্রি টেস্ট নেওয়া হবে।

পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in, www.sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা দিতে হবে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে, ২৫ জানুয়ারির মধ্যে। আর চালানের মাধ্যমে জমা দিতে চাইলে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে জমা দেবেন ২৭ জানুয়ারির মধ্যে। টাকা নগদে চালানের মাধ্যমে দিতে চাইলে চালান প্রিন্ট করে নেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। এরপর জে.পি.জি. ফর্মাটে ফটো ও স্ক্যান করা সিগনেচার লাগবে। সবশেষে রেজিস্ট্রেশন করার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্মে ভুল হয়ে থাকলে তা সংশোধন করতে পারবেন ২৮ জানুয়ারি থেকে ১ ফেব্রুয়ারির মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন, ওপরের ওই ওয়েবসাইটে।

সেনাবাহিনীতে ৪০০ অফিসার

১ পাতার পর

যোগ্য। সব বাহিনীর ক্ষেত্রেই জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি (বিমানবাহিনীর বেলায় ১৬২.৫ সেমি), বয়স ও উচ্চতার অনুপাতে ৪৫ কেজি থেকে ৬৫ কেজি ওজন। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় চশমা ছাড়া ৬/৬ বা, ৬/৯ (যা ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য) ও কাছের বেলায় ±৫। এছাড়া লাল ও সবুজ রঙ আলাদাভাবে চেনার ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও সুস্বাস্থ্য দরকার। দৈহিক ত্রুটি থাকলে আবেদন করার যোগ্য নন। শূন্যপদ : ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে (১৪৯তম কোর্সে) — ৩৭০টি (সেনাবাহিনীতে ২০৮, নৌবাহিনীতে ৪২, বিমানবাহিনীর ফ্লাইং ব্রাঞ্চে ৯২টি, গ্রাউন্ড ডিউটি (টেক)-এ ১৮টি, গ্রাউন্ড ডিউটি (নন-টেক) -১০টি।

ন্যাভাল অ্যাকাডেমিতে (১১১তম কোর্সে) (১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিম) ৩০টি। এই পদের বিজ্ঞপ্তি নং : 03/2022-NDA-1, Dated: 22-12-2021.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (।), ২০২২'র মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা, ১০ এপ্রিল। পূর্ব-ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, গ্যাংটক, কটক, দিসপুর (গুয়াহাটি), শিলঙ, জোরহাট, পটনা, আগরতলা ও পোর্ট ব্লেয়ার। মোট ১ দিনের পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ৩০০ নম্বরের ম্যাথমেটিক্স (কোড ০১), (২) ৬০০ নম্বরের জেনারেল এবিলিটি টেস্ট (কোড ০২)। প্রতিটি পেপারে থাকবে আড়াই ঘন্টা করে সময়। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে ৯০০ নম্বরের ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট হবে। এই টেস্টে থাকবে ভার্বাল ও নন-ভার্বাল প্রশ্ন। এরপর হবে গ্রুপ ডিসকাশন, গ্রুপ প্ল্যানিং, আউটডোর গ্রুপ টাস্ক ও একটি বিশেষ বিষয়ে সংক্ষিপ্ত বক্তৃতা। সফল হলে ৩ বছরের ট্রেনিং। প্রথম আড়াই বছর হবে পুণের 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি'তে। এই ট্রেনিংয়ে সফল হলে দিল্লির জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের বি.এ. বা, বি.এসসি. পাশের সার্টিফিকেট পাবেন। ১৪৭ তম কোর্সের ট্রেনিং শুরু ২০২৩ সালের ২ জানুয়ারি। এরপর ৬ মাস প্র্যাক্টিক্যাল ট্রেনিং। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষা হওয়ার ৩ সপ্তাহ আগে থেকে. পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.upsc.gov.in

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in

অনলাইনে দরখাস্ত করার জন্য প্রথমে পার্ট-ওয়ান ও পরে পার্ট-টু রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্ত করার আগে প্রথমে ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। স্ক্যান করা প্রতিটি অংশ ৪০ কে.বি.'র মধ্যে হতে হবে। তবে ফটো ৩ কে.বি. ও সিগনেচার ১ কে.বি.'র নিচে হলে হবে না। এছাড়াও পরীক্ষা ফী বাবদ ১০০ (মহিলা ও তপশিলীদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে বা, ভিসা /মাস্টার কার্ড / ক্রেডিট কার্ড / ডেবিট কার্ডের মাধ্যমে দিতে পারেন, ১১ জানুয়ারির মধ্যে। কোনো অসুবিধা হবে ফোন করুন এই নম্বরে : 011-23385271/011-23381125.

কেন্দ্রীয় সংস্থায় ৬টি ট্রেডে আই.টি.আই কোর্স

কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এন.এস.আই.সি টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার ৬টি আই.টি.আই ট্রেডে ভরতি নিচ্ছে। **এইসব ট্রেড হল :** ফিটার (২ বছর), মেশিনিস্ট (২ বছর), সার্ভেয়র (২ বছর), ড্রাফটসম্যান মেকানিক্যাল (২ বছর), **ওয়েল্ডার (১ বছর), টার্নার (২ বছর)।** ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার ক্লাস এইট পাশ। অন্যান্য সব **ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত** যোগ্যতা দরকার মাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। সব ক্ষেত্রেই থিওরির পাশাপাশি হাতে-**কলমে প্র্যাক্টিক্যাল** ট্রেনিংয়ের সুবিধা আছে। কোর্স শেষে চাকরিতে সহায়তা করা হয়। আগে আসার ভিত্তিতে ভরতি **নেওয়া হবে। স্টুডেন্ট** ক্রেডিট কার্ডের সুবিধা আছে। অনলাইনে ভরতি নেওয়া হচ্ছে। ভরতির শেষ তারিখ ৩১ ডিসেম্বর। **ভরতির জন্য** যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : NSIC- Technical Services Centre, Japani **Gate, Baltikuri,** Howrah – 711113. ফোন : ৯৬৭৯২৪৪৮৪৪, ৭৫৯৬৯৮৬৭৪০, ৯০৩৮৩৯৬৫৬৩, ৭৪১৭৭৩১৮৩৭। ওয়েবসাইট: www.nsic.co.in

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে

১ পাতার পর

উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য **এইসব কোর্সে :** ডিপ্লোমা ইন যোগা এডুকেশন। ১ বছরের কোর্স। ফী ১০,০০০ টাকা। অ্যাডভান্সড ডিপ্লোমা ইন হসপিটালিটি অ্যান্ড রেস্টুরেন্ট ম্যানেজমেন্ট। ২ বছরের কোর্স। ফী ৪৫,০০০ টাকা।

(২) **আবেশ ইনোভেশন এডুকেশন ট্রেনিং স্কিল ইনস্টিটিউট,** শ্রীপুর, সোদপুর রোড (পশ্চিম), মধ্যমগ্রাম, কলকাতা -১৩০। পড়ানো হবে — (ক) উচ্চমাধ্যমিক পাশদের জন্য : ডিপ্লোমা ইন ভিশ্যুয়াল আর্ট ইন পেইন্টিং, অ্যাপ্লায়েড আর্ট, গ্রাফিক্স ডিজাইন। ফী ৪১০০০ টাকা। (খ) গ্র্যাজুয়েটদের জন্য: অ্যাডভান্সড ডিপ্লোমা ইন ভিশ্যুয়াল আর্ট ইন পেইন্টিং, অ্যাপ্লায়েড আর্ট, গ্রাফিক্স ডিজাইন। ফী ৪৯,৩০০ টাকা।

(৩) **অনিন্দ্য যোগা সোসাইটি,** ৮এ, ব্যাঙ্ক কলোনি, ঢাকুরিয়া, বাবু বাগান, কলকাতা -৩১। পড়ানো হবে — উচ্চমাধ্যমিক পাশদের জন্য : (ক) ডিপ্লোমা ইন যোগা এডুকেশন। ১ বছরের কোর্স। ফী ১০,০০০ টাকা। (খ) ডিপ্লোমা ইন স্ট্রেস ম্যানেজমেন্ট (মেডিটেশান)। ১ বছরের কোর্স। ফী ৯,০০০ টাকা।

(৪) এ.সি.ই. **বিজনেস অ্যাকাডেমি,** মৌলালি, কলকাতা ও শিলিগুড়ি। পড়ানো হবে : (ক) সার্টিফিকেট ইন ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন (জি.এস.টি.)। ডিগ্রি কোর্সে ফাইনাল বর্ষের প্রার্থীরা যোগ্য। ৬ মাসের কোর্স। ফী ৬,০০০ টাকা।

(৫) **বেঙ্গল ব্রতচারি সোসাইটি,** ঠাকুরপুকুর, কলকাতা। পড়ানো হবে : (ক) টেলারিংয়ের ৬ মাসের সার্টিফিকেট কোর্স। ক্লাস এইট পাশরা যোগ্য। ফী ৪,০০০ টাকা।

(৬) **বঙ্কিম সর্দার কলেজ,** ট্যাংরাখালি, দক্ষিণ ২৪ পরগনা। পড়ানো হবে : (ক) ডিপ্লোমা ইন ট্র্যাভেল অ্যান্ড ট্যুরস। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ১ বছরের কোর্স। ফী ৩,০০০ টাকা।

(৭) **এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট,** ব্লক-আই.বি. - ১৯৪, সল্ট লেক, সেক্টর - III, কলকাতা - ১০৬। পড়ানো হবে : (ক) ডিপ্লোমা ইন এন্ট্রাপ্রেনিওরশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্ট। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ১ বছরের কোর্স। ফী ১২,০০০ টাকা। (খ) অ্যাডভান্সড ডিপ্লোমা ইন ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। ১ বছরের কোর্স। ফী ১৬,০০০ টাকা। (গ) অ্যাডভান্সড ডিপ্লোমা ইন এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্ট। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। ১ বছরের কোর্স। ফী ১২,০০০ টাকা। (ঘ) সার্টিফিকেট ইন ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন (জি.এস.টি. সহ)। ডিগ্রি কোর্সের ফাইনাল বর্ষের প্রার্থীরা যোগ্য। ৬ মাসের কোর্স। ফী ৬,০০০ টাকা। (ঙ) সোলার ইলেক্ট্রিক ইন্সটলেশন। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ৩ মাসের কোর্স। ফী ১২,০০০ টাকা। (চ) ডিজিটাল মার্কেটিং। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ৩ মাসের কোর্স। ফী ১৫,০০০ টাকা। (ছ) প্যাকেজিং ম্যানেজমেন্ট। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ৩ মাসের কোর্স। ফী ২৫,০০০ টাকা। (জ) হেলথ কেয়ার ম্যানেজমেন্ট। বি.এসসি /বি.ফার্ম / ডি.ফার্ম/ বি.এ.এম.এস. / বি.টেক. (বায়ো-টেক) কোর্স পাশরা যোগ্য।। ৬ মাসের কোর্স। ফী ১৫,০০০ টাকা।

(৮) **ইনস্টিটিউট অফ পালমোকেয়ার অ্যান্ড রিসার্চ,** ডি.জি.-৮, অ্যাকশন এরিয়া ১, নিউটাউন, চকপাচুরিয়া, কলকাতা - ১৫৬। (ক) কমিউনিটি রেসপিরেটরি কেয়ার অ্যাসিস্ট্যান্ট। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৬,০০০ টাকা। (খ) অ্যাসিস্ট্যান্ট রেসপিরেটরি স্পেশালিস্ট ইন প্র্যাক্টিস। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ৬ মাসের কোর্স। ফী ৬,০০০ টাকা।

(৯) **ইমাজিক লার্নিং সলিউশান প্রাঃ লিঃ,** ১৫ সি.আর. অ্যাভেনিউ, কলকাতা - ৭২। উচ্চমাধ্যমিক পাশরা এইসব কোর্সে যোগ্য। পড়ানো হবে : ডিপ্লোমা ইন ২ডি অ্যানিমেশন, ডিপ্লোমা ইন গ্রাফিক্স ডিজাইন, ডিপ্লোমা ইন ভিডিও এডিটিং, ডিপ্লোমা ইন ওয়েব ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, ডিপ্লোমা ইন ডিজিটাল মিডিয়া অ্যান্ড মার্কেটিং। ১ বছরের কোর্স। ফী প্রতিটিতে ৪৮,০০০ টাকা।

(১০) **ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট সায়েন্স স্কুল অফ বিজনেস,** ৩৩এ, জে.এল. নেহরু রোড, কলকাতা -৭১। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। পড়ানো হবে এইসব কোর্স : বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, হসপিটালিটি ম্যানেজমেন্ট, ট্যুরিজম ম্যানেজমেন্ট, ইন্টেরিয়র ডিজাইনিং, ফ্যাশন ডিজাইনিং, প্রোজেক্ট অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ম্যানেজমেন্ট-এর ডিপ্লোমা ও অ্যাডভান্সড ডিপ্লোমা। ভরতি ফী ২০০০০ টাকা। ডিপ্লোমা কোর্সে ফী ৩০,০০০ টাকা ও অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ফী ৪০,০০০ টাকা।

(১১) **জগদীশ চন্দ্র মন্ডল ইনস্টিটিউট অফ এডুকেশন,** সুন্দরবন ওয়েলফেয়ার সোসাইটি, সাগর, দক্ষিণ ২৪ পরগনা। উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। ১ বছরের কোর্স। পড়ানো হবে : (ক) ডিপ্লোমা ইন যোগা এডুকেশন। ফী ১০,০০০ টাকা। (খ) ডিপ্লোমা ইন ল্যান্ড সার্ভে। ফী ৭,০০০ টাকা। (গ) এ.সি. অ্যান্ড রেফ্রিজারেশন টেকনিশিয়ান। ফী ৮,০০০ টাকা। (ঘ) ডিপ্লোমা ইন ডিটিপি অ্যান্ড নেটওয়ার্কিং। ফী ৬০০০ টাকা।

(১২) **জয়গোপাল গ্রাম বিকাশ কেন্দ্র,** বাসন্তি, দক্ষিণ ২৪ পরগনা। পড়ানো হবে : (ক) অর্গানিক অ্যাগ্রিকালচার অ্যান্ড হর্টিকালচারের ডিপ্লোমা কোর্স। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ১ বছরের কোর্স। ফী ৮,০০০ টাকা। (খ) আর্ট অ্যান্ড ক্র্যাফট ও টেলারিংয়ের সার্টিফিকেট কোর্স। ক্লাস এইট পাশরা যোগ্য। ফী আর্ট অ্যান্ড ক্র্যাফটে ৬,০০০ টাকা ও টেলারিং কোর্সে ৪,০০০ টাকা।

(১৩) **এম.এন.জি. এডুকেশনাল অ্যান্ড ওয়েলফেয়ার ট্রাস্ট,** ১৩৪/১, সাউদার্ন অ্যাভেনিউ, কলকাতা - ২৯। উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন এইসব সার্টিফিকেট কোর্সে : (ক) ডিজিটাল মার্কেটিং। ফী ২৪,০০০ টাকা। (খ) ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন (জি.এস.টি. সহ)। ফী ৬,০০০ টাকা। (গ) ফ্যাশন ডিজাইনিং। ফী ১০,০০০ টাকা। (ঘ) ইলেক্ট্রিক্যাল টেকনিশিয়ান। ফী ১০,০০০ টাকা। সব কোর্সই ৬ মাসের।

(১৪) **নাজিরপুর রেনবো এডুকেশনাল ইনস্টিটিউট,** রাজীনগর, মুর্শিদাবাদ। পড়ানো হবে : (ক) ইনফর্মেশন টেকনোলজি অ্যাপ্লিকেশনের সার্টিফিকেট কোর্স। ক্লাস এইট পাশারা যোগ্য। ফী ২০০০ টাকা। (ক) আর্ট অ্যান্ড ক্র্যাফ্টের সার্টিফিকেট কোর্স। ক্লাস এইট পাশরা যোগ্য। ফী ৬,০০০ টাকা। (গ) ডিপ্লোমা ইন মেডিশিন শপ অ্যাসিস্ট্যান্ট। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৭,০০০ টাকা। (ঘ) ডিপ্লোমা ইন ল্যান্ড সার্ভে। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৭,০০০ টাকা। (ঙ) ডিপ্লোমা ইন যোগা এডুকেশন। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ১০,০০০ টাকা। (চ) ডিপ্লোমা ইন ডিটিপি অ্যান্ড নেটওয়ার্কিং। গ্র্যাজুয়েটরা যোগ্য। ফী ৬,০০০ টাকা। (ছ) অ্যাডভান্সড ডিপ্লোমা ইন ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট। গ্র্যাজুয়েটরা যোগ্য। ফী ৮,০০০ টাকা। (জ) অ্যাডভান্সড ডিপ্লোমা ইন মডার্ণ অফিস ম্যানেজমেন্ট। গ্র্যাজুয়েটরা যোগ্য। ফী ৮,০০০ টাকা। (ঝ) ডিপ্লোমা ইন অর্গানিক অ্যাগ্রিকালচার অ্যান্ড হর্টিকালচার। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৮,০০০ টাকা। (ঞ) ডিপ্লোমা ইন ফার্মাকোলজি ম্যানেজমেন্ট। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ১২,০০০ টাকা। ওপরের ডিপ্লোমা বা, অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স ১ বছরের ও সার্টিফিকেট কোর্স ৬ মাসের।

(১৫) **(এ) নারী শিক্ষা সমিতি,** বাণি ভবন, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর। **(বি) নারী শিক্ষা সমিতি,** ২৯৪/৩, এ.পি.সি. রোড, কলকাতা - ৯। পড়ানো হবে : (ক) টেলারিংয়ের ৬ মাসের সার্টিফিকেট কোর্স। ফী ৪,০০০ টাকা। (খ) আর্ট অ্যান্ড ক্র্যাফটের ৬ মাসের সার্টিফিকেট কোর্স। ফী ৬,০০০ টাকা। (গ) বাটিক প্রিন্টিংয়ের ৬ মাসের সার্টিফিকেট কোর্স। ফী ৬,০০০ টাকা। (ঘ) ভিডিও এডিটিংয়ের ১ বছরের ডিপ্লোমা কোর্স। ফী ৪০,০০০ টাকা। সব কোর্সেই ক্লাস এইট পাশরা যোগ্য।

(১৬) **প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি,** কলকাতা, ডায়মন্ডহারবার, রায়গঞ্জ, বর্ধমান, ফরাক্কা, মালদা, খাতরা, পুরুলিয়া শাখা। পড়ানো হবে : (ক) সুপারভাইজরি স্কিল ফর ফ্রন্ট লাইন অ্যাসিস্ট্যান্ট। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৩,০০০ টাকা। (খ) ফায়ার অ্যান্ড সেফটি স্কিলস। মাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৩,০০০ টাকা। (গ) সোলার ইলেক্ট্রিক্যাল টেকনিশিয়ান। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৪,০০০ টাকা। (ঘ) বিউটি থেরাপি অ্যান্ড হেয়ার ড্রেসিং। মাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৩,০০০ টাকা। (ঙ) অটোমোবাইল টেকনিশিয়ান। ক্লাস এইট পাশরা যোগ্য। ফী ৬,০০০ টাকা। (চ) মোবাইল ফোন রিপেয়ারিং। মাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৬,০০০ টাকা। (ছ) সার্টিফিকেট ইন ই-অ্যাকাউন্টিং অ্যান্ড ট্যাক্সেশন। ডিগ্রি কোর্সে ফাইনাল বর্ষের প্রার্থীরা যোগ্য। ফী ৬,০০০ টাকা। (জ) সার্টিফিকেট ইন হিউম্যান রাইটস। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৭,০০০ টাকা। টেলারিংয়ের সার্টিফিকেট কোর্স। ফী ৭,০০০ টাকা। (ঝ) ডিপ্লোমা ইন যোগা এডুকেশন। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ১০,০০০ টাকা। (ঞ) ডিপ্লোমা ইন এন্ট্রাপ্রেনিরশিপ ডেভেলপমেন্ট অ্যান্ড স্মল বিজনেস ম্যানেজমেন্ট। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ১২,০০০ টাকা। (ট) অ্যাডভান্সড ডিপ্লোমা ইন ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট। গ্র্যাজুয়েটরা যোগ্য। ফী ৮,০০০ টাকা। (ঠ) অ্যাডভান্সড ডিপ্লোমা ইন মডার্ণ অফিস ম্যানেজমেন্ট। গ্র্যাজুয়েটরা যোগ্য। ফী ৮,০০০ টাকা। (ড) ডিপ্লোমা ইন ফিটনেস অ্যান্ড স্পোর্টস ম্যানেজমেন্ট। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৮,০০০ টাকা। (ঢ) ডিপ্লোমা ইন ডিটিপি অ্যান্ড নেটওয়ার্কিং। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৬,০০০ টাকা। (ণ) টেলারিং - বেসিক কোর্স। ক্লাস এইট পাশরা যোগ্য। ফী ৪,০০০ টাকা। ওপরের সব কোর্স ৬ মাস থেকে ১ বছরের মধ্যে।

(১৭) **শিবানন্দ হেলথ সোসাইটি,** ১৩/১০, ক্ষেত্র মোহন ব্যানার্জী রোড, নিমতা, কলকাতা - ৪৯। পড়ানো হবে : (ক) ডিপ্লোমা ইন ন্যাচারোপ্যাথি। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ১ বছরের কোর্স। ফী ৯,০০০ টাকা। (খ) ডিপ্লোমা ইন যোগা এডুকেশন। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ১ বছরের কোর্স। ফী ১০,০০০ টাকা। (গ) চাইল্ডহুড অ্যান্ড অ্যাডোলেসেন্ট কাউন্সেলিং। গ্র্যাজুয়েটরা মেডিক্যাল প্র্যাক্টিশনার ও প্যারামেডিক্যাল প্র্যাক্টিশনাররা যোগ্য। ৪ মাসের কোর্স। ফী ৭,০০০ টাকা। (ঘ) ফ্যামিলি কাউন্সেলিং। গ্র্যাজুয়েটরা মেডিক্যাল প্র্যাক্টিশনার ও প্যারামেডিক্যাল প্র্যাক্টিশনাররা যোগ্য। ৪ মাসের কোর্স। ফী ৭,০০০ টাকা।

(১৮) **শান্তিদেবী বিদ্যানিকেতন,** পলাশি, বড়চাঁদঘর, নদিয়া। পড়ানো হবে : (ক) ডিপ্লোমা ইন যোগা এডুকেশন। ফী ১০,০০০ টাকা। (খ) ডিপ্লোমা ইন ডিটিপি অ্যান্ড নেটওয়ার্কিং। ফী ৬,০০০ টাকা। (গ) ডিপ্লোমা ইন ন্যাচারোপ্যাথি। ফী ৯,০০০ টাকা। (ঘ) টেলারিংয়ের সার্টিফিকেট কোর্স। ফী ৪,০০০ টাকা। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। সার্টিফিকেট কোর্স ৬ মাসের ও ডিপ্লোমা কোর্স ১ বছরের।

(১৯) **এস.এস. এডুকেশনাল ট্রাস্ট,** ৯, নীলম্বর মুখার্জী স্ট্রিট, কলকাতা- ৪। পড়ানো হবে : (ক) সার্টিফিকেট ইন সাইবার ল, সার্টিফিকেট ইন লেবার ল, সার্টিফিকেট ইন ল'স অফ ইনসিওরেন্স, সার্টিফিকেট ইন কনজিউমার রাইটস অ্যান্ড অ্যাওয়ারনেস, সার্টিফিকেট ইন হিউম্যান রাইটস। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৭,০০০ টাকা। (খ) সার্টিফিকেট ইন সাইকোলজিক্যাল টেস্টিং। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ১২,০০০ টাকা। (খ) সার্টিফিকেট ইন ফ্যামিলি কাউন্সেলিং। গ্র্যাজুয়েটরা মেডিক্যাল প্র্যাক্টিশনার ও প্যারামেডিক্যাল প্র্যাক্টিশনাররা যোগ্য। ৬ মাসের কোর্স। ফী ১০,০০০ টাকা।

(২০) **ইউনিয়ন ক্রিশ্চিয়ান ট্রেনিং কলেজ,** বহরমপুর, মুর্শিদাবাদ। উচ্চমাধ্যমিক পাশরা যোগা এডুকেশনের ডিপ্লোমা কোর্সে ভরতি হতে পারেন। ফী ১০,০০০ টাকা।

(২১) **বিবেকানন্দ এডুকেশনাল ইনস্টিটিউট,** ময়নাগুড়ি রোড, উল্লাবাড়ি, জলপাইগুড়ি। পড়ানো হবে : (ক) স্মার্ট ফোন রিপেয়ারিং। ক্লাস এইট পাশরা যোগ্য। ফী ৫,০০০টাকা। (খ) বিউটি থেরাপী অ্যান্ড হেয়ার ড্রেসিং (বেসিক)। ক্লাস এইট পাশরা যোগ্য। ফী ৩,০০০ টাকা। (গ) সিসি টি.ভি. ইন্সটলেশন (বেসিক)। ক্লাস এইট পাশরা যোগ্য। ফী ৪,০০০ টাকা। (ঘ) ডিপ্লোমা ইন যোগা এডুকেশন। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ১০,০০০ টাকা। (ঙ) ডিপ্লোমা ইন ল্যান্ড সার্ভে। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৭,০০০ টাকা। (চ) ডিপ্লোমা ইন মেডিশিন শপ অ্যাসিস্ট্যান্ট। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৭,০০০ টাকা। (ছ) ডিপ্লোমা ইন ন্যাচারোপ্যাথি। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৯,০০০ টাকা। (জ) ডিপ্লোমা ইন অর্গানিক অ্যাগ্রিকালচার অ্যান্ড হর্টিকালচার। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ৮,০০০ টাকা। (ঝ) ফার্মাকোলজি ম্যানেজমেন্ট। উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। ফী ১২,০০০ টাকা। (ঞ) টেলারিংয়ের সার্টিফিকেট কোর্স। ক্লাস এইট পাশরা যোগ্য। ৬ মাসের কোর্স। ফী ৪,০০০ টাকা।

ওপরের সব কোর্সের বেলায় দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন ওয়েবসাইট থেকে। এছাড়াও ভরতি সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন সংশ্লিষ্ট স্টাডি সেন্টার থেকে। দাম ৫০০ টাকা। দরখাস্ত করার শেষ তারিখ ১৫ জানুয়ারি। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ঠিকানায় : নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়, ডি.ডি.-২৬, সেক্টর-I, সল্ট লেক, কলকাতা - ৬৪। ফোন : ০৩৩-৪০৬৬ ৩২২০/৪০৫৮ ৫১২৭। ওয়েবসাইট : www.wbnsou.ac.in

BPT পড়ে চাকরি পেতে ঠিকানা BCE

নিজস্ব প্রতিনিধি : কলকাতার খুব কাছেই ব্যারাকপুরে, স্বাস্থ্য সম্পর্কিত কর্মসংস্থানের লক্ষ্যে অনুমোদনপ্রাপ্ত ব্যারাকপুর কলেজ অফ এডুকেশন তৈরি হয়েছে। এই খবর পেয়ে আমরা যোগাযোগ করলে, তাঁরা জানান, যে ইতিমধ্যেই তারা অভাবিত সাড়া পেয়েছেন। অন্যতম কর্ণধার প্রথিতযশা অধ্যাপক ড. পিনাকী চক্রবর্তী বলেন, শিক্ষিতদের স্বাস্থ্য সংক্রান্ত কর্মসংস্থানে সুযোগ বাড়ানোর উদ্দেশ্যে এই প্রতিষ্ঠানটি আমরা গড়ে তুলেছি। এটি জেলার ও রাজ্যের হাতে গোনা কয়েকটি ফিজিওথেরাপি ট্রেনিং প্রতিষ্ঠানের মধ্যে অন্যতম। স্বীকৃতমানের বি.পি.টি. (ব্যাচেলর ইন ফিজিওথেরাপি) ডিগ্রি দিয়ে, জেলার রাজ্যের ও ভারতের যোগ্য যুবসম্পদের প্রভূত কর্মসংস্থানের ব্যবস্থা করা যাবে। আরেকজন কর্ণধার প্রাক্তন সেনা আধিকারিক ক্যাপ্টেন ডাঃ এস. কে. গোপ বলেছেন, আমাদের প্রতিষ্ঠানের সমস্ত ডাক্তারদেরই একটি আন্তরিক স্বপ্ন ছিল এমন একটি শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ করা যাতে রাজ্যের ও দেশের যুব সম্পদের যথাযথ সদ্ব্যবহারে সহায়ক হওয়া যায়। আগেও বলেছি এই পেশায় বিশেষ দিক এই যে, চাকরির সাথে সাথে নিজ উদ্যোগে ফিজিওথেরাপি ক্লিনিকও করতে পারবেন যা সারাজীবন ই অব্যাহত থাকবে এবং আরও আকর্ষক হবে। SSKM ও NRS এর মতো সরকারি ক্ষেত্রের পাশাপাশি কয়েকটি প্রতিষ্ঠান রাজ্য স্বাস্থ্য বিশ্ববিদ্যালয়ের অনুমোদনে এই কোর্স চালু করেছে। প্রসঙ্গত উল্লেখ্য রাজ্যে স্বাস্থ্য বিশ্ববিদ্যালয় ভিন্ন স্নাতক স্তরের এই কোর্স অন্য কোনো প্রতিষ্ঠান করাতে পারে না। সরকার সম্প্রতি এমন শিক্ষার ওপর বাড়তি গুরুত্ব আরোপ করায় বোঝা যাচ্ছে এই পেশার গৌরব অবশ্যই উত্তরোত্তর বৃদ্ধি পাবে। ভর্তির জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করতে পারেন এই নম্বরে : 8582933150, 7044440901, 9830619194.

২৪ ড্রাইভার

১ পাতার পর

বছরের গাড়ি চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। মোটর মেকানিজমের কাজে জ্ঞান থাকতে হবে। ইংরিজি ও হিন্দি ভাষায় লিখতে ও বলতে পারা দরকার। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২৪টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস. ১)।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.cgwb.gov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of Staff Car Driver (Ordinary Grade)'. দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি বা, স্পিড ডাকে। পৌঁছনো চাই ৮ ফেব্রুয়ারির মধ্যে। এই ঠিকানায় : The Regional Director, Central Ground Water Board (CGWB), Ministry of Jal Shakti Department(CGWB), Ministry of Jal Shakti, Department of Water Resources & River Development & Ganga Rejuvenation, Mid-Eastern Regiooan, 6th & 7th Floor, Lok Nayak Jaiprakash Bhawan, Dak Bunglow, Patna-800001 (Bihar).

সেনাবাহিনীর

■ *সেনাবাহিনীতে সোলজার জেনারেল ডিউটি পদে মেয়েদের নেওয়া হয় কি? — প্রতিমা দত্ত, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ সেনাবাহিনীতে অফিসার পদে মেয়েদের নেওয়া হচ্ছে। সোলজার জেনারেল ডিউটি পদে মেয়েদের এখনো নেওয়া শুরু হয়নি।

■ *সেনাবাহিনীতে সোলজার ক্লার্ক পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? বয়স কত থাকতে হবে? কলকাতায় র‍্যালি কবে হবে? — প্রিতম মন্ডল, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি। কলকাতায় র‍্যালি হওয়ার তারিখ এখনো ঠিক হয়নি।

পি.এস.সি.'র

■ *ডব্লুবিসিএস পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? পরীক্ষা কবে হবে? — পার্থ বসাক, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ বিজ্ঞপ্তি এ মাসেই বেরোনোর সম্ভাবনা আছে। পরীক্ষা ২৭ জানুয়ারি হওয়ার সম্ভাবনা।

■ *কৃষি প্রযুক্তি সহায়ক পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? এই পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — প্রীতি দাস, হাওড়া। বিকাশ দাস, বেথুয়াডহরী, নদিয়া।*

■■ যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। এই পদে প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন'। প্রথম পার্টে ৭০ নম্বরের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এইসব বিষয়ে : (১) ইংরিজি - ৩০ নম্বর, (২) জেনারেল স্টাডিজ - ২০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ২০ নম্বর। সময় থাকবে ১ ঘণ্টা। দ্বিতীয় পার্টে ৩০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) গ্রুপ-এ - ইংলিশ - ১৫ নম্বর, (২) গ্রুপ-বি - বাংলা / হিন্দি / উর্দু / নেপালী - ১৫ নম্বর। সময় থাকবে ১ ঘণ্টা।

*প্রথম পার্টে নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর আর দ্বিতীয় পার্টের প্রতিটি গ্রুপে আলাদা কোয়ালিফাইং নম্বর পেলে সফল হবেন। পি.এস.সি. সূত্রে খবর, এই পদের বিজ্ঞপ্তি বেরোনোর বিষয়ে এখনো কোনো সবুজ সঙ্কেত আসেনি নবান্ন থেকে।

■ *ক্লার্কশিপ পরীক্ষার টাইপিং টেস্টের জন্য যে ডকুমেন্ট ভেরিফিকেশন হচ্ছে, এরপর টাইপিং টেস্ট দিলেই কি চাকরি পাওয়া যাবে? — পৌলমি মাইতি, দমদম ক্যান্টনমেন্ট, উত্তর ২৪ পরগনা।*

■■ টাইপিং টেস্ট হল কোয়ালিফাইং টেস্ট। এই টেস্টে সফল হলেই আশা করা যায় চাকরি পাওয়া যাবে। যেহেতু মোট শূন্যপদের ১.১৪ গুণ প্রার্থীকে ডাকা হয়েছে, তাই কিছু (.১৪) গুণ প্রার্থী বাদ যাবে। আবার অন্যদিকে অনেক প্রার্থী চাকরিও পেয়ে গেছে কিংবা কিছু প্রার্থী টাইপিং টেস্টও দেবে না। সেক্ষেত্রে সুযোগ বেশি।

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

পদ	যোগ্যতা	শূন্যপদ	শেষ তারিখ	ওয়েবসাইট
কেন্দ্রীয় সরকারে অফিসার	গ্র্যাজুয়েট	১৭৪	১৩-১-২২	www.upsconline.nic.in
ইন্ডিয়ান কোস্ট গার্ডে নাবিক ও যান্ত্রিক	মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক	৩২২	১৪-১-২২	www.joinindiancoastguard.cdac.in
সিকিউরিটি প্রিন্টিং প্রেসে জুনিয়র টেক, ফায়ারম্যান	মাধ্যমিক, আই.টি.আই.	২৭	১৫-১-২২	http://spphyderabad.spmcil.com
ইউ.জি.সি.'র 'নেট' পরীক্ষার মাধ্যমে লেকচারার	পোস্ট-গ্র্যাজুয়েট পাশ		২-১-২২	www.csirnet.nta.nic.in
এন.বি.সি.সি. লিমিটেডে ম্যানেজমেন্ট ট্রেনি	গ্র্যাজুয়েট	৫৫	৮-১-২২	www.nbccindia.com
প্রতিরক্ষা সংস্থায় সাব-ডিভিশনাল অফিসার	মাধ্যমিক ও সার্ভেয়িং	৮৯	১৫-১-২২	https://barrackpore.cantt.gov.in
এন.বি.সি.সি. (ইন্ডিয়া)-তে এক্সিকিউটিভ	এম.বি.এ. ও পোস্ট-গ্র্যাজুয়েট	১২	১৩-১-২২	www.nbccindia.ac
আই.সি.এ.আর.-ইন্ডিয়ান অ্যাগ্রিকালচারাল রিসার্চ ইন্সটিটিউটে টেকনিশিয়ান	মাধ্যমিক	৬৪১	১০-১-২২	www.iari.res.in
আর্মিতে টেকনিক্যাল অফিসার	ডিগ্রি কোর্স পাশ	৪০	৪-১-২২	www.joinindianarmy.nic.in
রাজ্য বিদ্যুৎ সংস্থায় এক্সিকিউটিভ, জুনিয়র ইঞ্জিঃ	গ্র্যাজুয়েট, ডিপ্লোমা	৪১৪	৫-১-২২	www.wbsetcl.in
শিলিগুড়ি, সদর দার্জিলিং, মিরিক, কার্সিয়াং এস.ডি.ও অফিসে আশা কর্মী	মাধ্যমিক পাশ বা, মাধ্যমিক অকৃতকার্য মহিলা	২২৭	৭-১-২২	http://darjeeling.gov.in

সাম্প্রতিক তথ্যে ভরা

জিজ্ঞাসা

চাকরির পরীক্ষা সংক্রান্ত যাবতীয় প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন **রঞ্জিৎ ঘোষ।**

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

স্কুল সার্ভিসের

■ *ডিগ্রি কোর্সে ৫০% নম্বর নেই। নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে টেলারিংয়ের কোর্স করেছি। কর্মশিক্ষা বিষয়ের জন্য যোগ্য কি? — খুরশিদ আলম, মথুরাপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, যোগ্য।

■ *স্কুল সার্ভিসের মাধ্যমে গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের জন্য বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সুমিত নন্দী, রিষড়া, হুগলি।*

■■ বিজ্ঞপ্তি বেরোনোর কথা থাকলেও বিজ্ঞপ্তি বেরোতে দেরি হচ্ছে।

কলেজ সার্ভিসের

■ *কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষার জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? বিজ্ঞপ্তি কখন বেরোয় ও পরীক্ষা কখন হয়? ডিস্ট্যান্সে মাস্টার ডিগ্রি করে থাকলে এই পরীক্ষা দেওয়া যায় কি? — মৌপ্রিয়া দেবনাথ, দেগঙ্গা, উত্তর ২৪ পরগনা। প্রিয়া মন্ডল, নহাটা, নদিয়া। ইন্দ্রানী চক্রবর্তী, কৃষ্ণনগর, মন্ডল পাড়া, নদিয়া।*

■■ পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে কলকাতা-সহ অন্যান্য বিশ্ববিদ্যালয় ও ওইসব বিশ্ববিদ্যালয়ের অধীন বেসরকারি কলেজগুলির 'অ্যাসিস্ট্যান্ট প্রফেসর' প্রার্থী নেওয়ার জন্য 'স্টেট লেভেল এলিজিবিলিটি টেস্ট বা, SET' পরীক্ষা দিতে হয়। এই পরীক্ষা নেয় পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন।

অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, ই.ডব্লু.এস., ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। 'সেট' পরীক্ষা দেওয়ার জন্য উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। এই পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি বেরোয় সেপ্টেম্বর-অক্টোবর মাস নাগাদ। পরীক্ষা হয় ডিসেম্বর থেকে জানুয়ারি মাসের মধ্যে। এবছর এই পরীক্ষা হবে ৯ জানুয়ারি, কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। মোট ২টি পেপারের পরীক্ষা হবে।

প্রথম পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ১ ঘন্টা। দ্বিতীয় পেপারে থাকবে ২০০ নম্বর ও সময় ২ ঘন্টা।

প্রথম পেপারে ৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে টিচিং, রিসার্চ অ্যাপ্টিটিউট, রিজনিং এবিলিটি, কমপ্রিহেনশন, ডাইভারজেন্ট থিঙ্কিং ও জেনারেল অ্যাওয়ারনেস। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। দ্বিতীয় পেপারে ১০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। এবছর থেকে এই পরীক্ষার প্রশ্ন বাংলায় হবে। দুই পেপারের ক্ষেত্রেই উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। নেগেটিভ মার্কিং নেই। প্রথম ও দ্বিতীয় পেপারে ৪০% (ও.বি.সি., তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে www.wbcsc.ac.in সাধারণত এই পরীক্ষার জন্য দরখাস্তকারীর সংখ্যা ৬০-৬৫ হাজার হয়ে থাকে। এবার পরীক্ষা বাংলা ভাষায় হওয়াতে দরখাস্ত জমা পড়েছে প্রায় ৮৩ হাজার। এই পরীক্ষা প্রতি বছরই নেওয়া হয়। ইউ.জি.সি.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ডিস্ট্যান্সে মাস্টার ডিগ্রি করে থাকলে এই পরীক্ষা দিতে পারবেন।

■ *বয়স ৪০ বছর। ইউ.জি.সি.-নেট পরীক্ষা দিতে পারব? বাংলা বিষয়ে এম.এ. করেছি। নেট পরীক্ষা দেওয়ার কোনো লিমিট আছে কি? — শিল্পী কর্মকার, দুর্গাপুর।*

■■ যতবার খুশি এই পরীক্ষা দিতে পারবেন।

অন্যান্য চাকরির

■ *পশ্চিমবঙ্গ সরকারের সাব-ইন্সপেক্টর পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? এই পরীক্ষার সিলেবাস কেমন? বিজ্ঞপ্তি কবে বেরোবে? —মার্সাল সাউ, বাঁকুড়া।*

■■ পশ্চিমবঙ্গ সরকারের সাব-ইন্সপেক্টর বলতে কোন পদের কথা বলতে চাইছেন, সেটি উল্লেখ করুন। পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর, ফুডের সাব-ইন্সপেক্টর ইত্যাদি। কোনটির বিষয়ে জানতে চাইছেন জানান।

সাধারণ জ্ঞান

সাধারণ বিজ্ঞান

১। 'ভারনালিন' কী — একপ্রকার উদ্ভিদ হর্মোন।

২। শূককীটের রূপান্তরে সাহায্য করে, এমন একটি হর্মোনের নাম কী — একডাইজোন।

৩। আলোকের তীব্রতার মাধ্যমে নিয়ন্ত্রিত উদ্ভিদের ব্যাপ্তি চলনকে কী বলে — ফ্রোটোন্যাস্টি।

৪। ভলভক্সের গমন অঙ্গের নাম কী — সিলিয়া।

৫। হিমোসায়ানিন কী ঘটিত প্রোটিন — তাম্র ঘটিত।

৬। মহাকর্ষীয় তরঙ্গের প্রবক্তা কে — অ্যালবার্ট আইনস্টাইন।

৭। 'সোরা'র রাসায়নিক নাম কী — পটাশিয়াম নাইট্রেট।

৮। 'ফায়ারি আইস' কাকে বলে — মিথেন হাইড্রেট।

৯। ১৯০৯ খ্রিস্টাব্দে কোন বিজ্ঞানী সর্বপ্রথম 'জিন' শব্দটির প্রচলন করেন

— বিজ্ঞানী জোহানসেন।

১০। তেজি জল কোন খনিজ অ্যাসিড — নাইট্রিক অ্যাসিড।

ইতিহাস

১১। আমীর খসরু কোন সম্রাটের পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন — গিয়াস-উদ-দ্বীন তুঘলক।

১২। 'গদর পার্টি' প্রথম কোথায় আত্মপ্রকাশ করে — সানফ্রান্সিসকো।

১৩। 'ভিয়েতনাম যুদ্ধ' কত সালে শেষ হয় — ১৯৭৫।

১৪। গিয়াস-উদ-দ্বীন তুঘলকের প্রকৃত নাম কী — গাজী মালিক।

১৫। মহম্মদ বিন তুঘলক কোথায় মারা যান — সিন্দুর অট্টা নামে এক স্থানে।

১৬। আলতুনিয়া কে ছিলেন — সুলতান রাজিয়ার স্বামী।

১৭। 'মান্ডি' কী — দিল্লিতে প্রধান শস্যের বাজার।

১৮। সঙ্গম বংশের প্রথম শাসকের

নাম কী — হরিহর ও বুক্ক।

১৯। কোন যুদ্ধে পরাজিত হয়ে হুমায়ুন ভারত ছাড়েন — কনৌজের যুদ্ধ।

২০। শের শাহ সুরির আমলে দূরত্ব পরিমাপ করা হত কোন এককে — ক্রোশ।

ভূগোল

২১। লুনী নদীর উৎপত্তিস্থল কোথায় — আনা সাগর হ্রদ।

২২। 'মেটস্যাট' কী — ভারতের সম্পূর্ণ আবহাওয়া বিষয়ক উপগ্রহ।

২৩। 'ডানকান প্যাসেজ' কোথায় অবস্থিত — গ্রেট আন্দামান ও লিটল আন্দামানের মধ্যে।

২৪। 'আলেপ্পী বন্দর' ভারতের কোন রাজ্যে আছে — কেরালা।

২৫। মুম্বই বন্দর কোন উপকূলে অবস্থিত — কঙ্কন।

২৬। 'রান' বলতে কী বোঝায় — লবণাক্ত জলাভূমি।

২৭। মেঘালয় মালভূমি কোন মালভূমির বিচ্ছিন্ন অংশ — দাক্ষিণাত্য মালভূমির।

২৮। ভারতে গ্রস্ত উপত্যকা কোনটি — নর্মদা নদী উপত্যকা।

২৯। নদীর গতিপথ খুব আঁকাবাঁকা হলে তাকে কী বলে — মিয়েন্ডার।

৩০। বছরের কোন দিনটি 'জলবিষুব' নামে পরিচিত — ২৩ সেপ্টেম্বর।

রাষ্ট্রনীতি

৩১। 'মিড টার্ম ইলেকশন' কখন হয় — ৫ বছরের আগে লোকসভা বা, বিধানসভা ভেঙে গেলে।

৩২। রাষ্ট্রপতিকে কে শপথ বাক্য পাঠ করান — সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি।

৩৩। কোন পরিকল্পনা অনুসারে সংবিধান সভা স্থাপন করা যায় — ক্যাবিনেট মিশন পরিকল্পনা।

৩৪। রাষ্ট্রপতি বা, উপরাষ্ট্রপতি নির্বাচন সংক্রান্ত যেকোনো বিরোধের মীমাংসা কোন আদালতে করতে পারে — একমাত্র সুপ্রিম কোর্ট।

৩৫। ভাষার ভিত্তিতে গঠিত ভারতের প্রথম রাজ্য কোনটি — আন্ধ্রা প্রদেশ (১৯৫৩ সাল)।

৩৬। মহকুমা স্তরে দেওয়ানি আদালত কোনটি — মুন্সেফি আদালত।

৩৭। লোক আদালতের জনক কে — সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি পি.এন.ভগবতী।

৩৮। লোকসভার জিরো আওয়ারের মেয়াদকাল কতদিনের — অনির্দিষ্ট।

৩৯। রাষ্ট্রপতির বক্তৃতা কে তৈরি করেন — প্রধানমন্ত্রী ও তাঁর ক্যাবিনেট।

☞ এরপর ৭ পাতায়

ইঞ্জিনিয়ারিং ও ফার্মাসির ডিগ্রি কোর্সে

১ পাতার পর

জন্য ২০২০ সালের জয়েন্ট এন্ট্রান্স (WBJEE-2022) পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ইউনিভার্সিটি ইনস্টিটিউট অফ টেকনোলজি ছাড়া অন্যান্য বিশ্ববিদ্যালয় ও সরকারি কলেজে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মাসি ও আর্কিটেকচার কোর্সে ১০০% সীটে ভরতি করা হবে এই এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে।

সেলফ ফিনান্সিং কলেজে ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি, ফার্মাসি ও আর্কিটেকচার কোর্সের ৮০-৯০% সীটে ভরতি করা হবে এই এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে। সব ক্ষেত্রে তপশিলী, ও.বি.সি.-এ ক্যাটেগরি আর ও.বি.সি.-বি ক্যাটেগরির প্রার্থীদের জন্য যথারীতি শূন্যপদ সংরক্ষিত। পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের প্রার্থীরা আবেদনের যোগ্য। কারা কোন বিষয়ে আবেদন করতে পারবেন :

ফার্মাসি : ফিজিক্স ও কেমিস্ট্রি আবশ্যিক বিষয় আর অঙ্ক / বায়োলজি বিষয় মিলিয়ে মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর আর ইংরিজিতে ৩০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন।

তবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফার্মাসি কোর্সে ভরতির জন্য ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক আবশ্যিক বিষয় আর ওই তিন বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) আর অঙ্কে ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর ও ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে।

তবে নেওটিয়া বিশ্ববিদ্যালয়ের ফার্মাসি কোর্সে ভরতির জন্য ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি / বায়োলজি আবশ্যিক বিষয় আর ওই তিন বিষয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে।

ইঞ্জিনিয়ারিং (বি.ই.) / টেকনোলজি (বি.টেক.) : ফিজিক্স ও অঙ্ক বিষয় আর কেমিস্ট্রি / বায়োটেকনোলজি / বায়োলজি / কম্পিউটার সায়েন্স / কম্পিউটার অ্যাপ্লিকেশন / টেকনিক্যাল ভোকেশনাল বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৪৫% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকলে এই কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। ওপরের ওইসব বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকতে হবে।

তবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং কোর্সে ভরতির জন্য ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক আবশ্যিক বিষয় আর ওই তিন বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের বেলায় ফিজিক্স, অঙ্ক ও কেমিস্ট্রি বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৫৫%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে।

কলকাতা বিশ্ববিদ্যালয়ের জুট ও ফাইবার টেকনোলজি বিভাগের বেলায় ফিজিক্স, অঙ্ক ও কেমিস্ট্রি / বায়ো-টেকনোলজি / বায়োলজি বিষয়ে মোট অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৫০%) আর ইংরিজিতে অন্তত ৩০% নম্বর পেয়ে থাকতে হবে।

ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ অ্যানিম্যাল অ্যান্ড ফিশারি সায়েন্সের বি.টেক (ডেয়ারি টেকনোলজি) কোর্সের বেলায় ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি ও ইংরিজি বিষয় মিলিয়ে মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০%) নম্বর পেয়ে থাকতে হবে। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয়ের প্রতিটিতে আলাদাভাবে পাশ নম্বর পেয়ে থাকতে হবে।

নেওটিয়া বিশ্ববিদ্যালয়ের বি.টেক. (মেরিন ইঞ্জিনিয়ারিং) কোর্সের বেলায় ফিজিক্স, অঙ্ক, কেমিস্ট্রি বিষয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে।

নেওটিয়া বিশ্ববিদ্যালয়ের বি.টেক. (মেরিন ইঞ্জিনিয়ারিং ছাড়া অন্যান্য শাখার বেলায়) ফিজিক্স ও অঙ্ক বিষয় আর কেমিস্ট্রি / বায়োটেকনোলজি / বায়োলজি / কম্পিউটার সায়েন্স / কম্পিউটার অ্যাপ্লিকেশন আবশ্যিক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে এই কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন।

আলিয়া বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্সের বেলায় ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা প্রতিটি বিষয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

সিস্টার নিবেদিতা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও বিজনেস সিস্টেমের ডিগ্রি (টি.সি.এস.-ইন্ডাস্ট্রি ইন্টিগ্রেটেড) কোর্সের বেলায় ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

আর্কিটেকচার (বি.আর্ক) : ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% নম্বর ও প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ওপরের ওইসব বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকতে হবে। নয়াদিল্লির কাউন্সিল অফ আর্কিটেক্চারের নেওয়া ন্যাশনাল অ্যাপ্টিটিউড টেস্ট ইন আর্কিটেকচার (NATA) পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে ও কাউন্সেলিংয়ের সময় প্রয়োজনীয় প্রমাণপত্র দেখাতে হবে।

মেরিন ইঞ্জিনিয়ারিং : ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় মিলিয়ে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজিতে ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। এছাড়াও ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক, ইংরিজি ও বাংলা বিষয়ের প্রতিটিতে পাশ নম্বর পেয়ে থাকতে হবে।

সব কোর্সের বেলায় উচ্চমাধ্যমিকে মাতৃভাষা বা, অন্য কোনো পঞ্চম বিষয় থাকতে হবে। ওইসব বিষয় নিয়ে ২০২২ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য।

বয়স হতে হবে ৩১-১২-২০২২'র হিসাবে অন্তত ১৭ বছর বা, তার বেশি অর্থাৎ, জন্মতারিখ হতে হবে ৩১-১২-২০০৫'এর আগে। উচ্চতর বয়সের কোনো কড়াকড়ি নেই। তবে 'মেরিন ইঞ্জিনিয়ারিং' কোর্সের বেলায় ভরতির জন্য বয়স হতে হবে ৩১-১২-২০২২'র হিসাবে সর্বোচ্চ ২৫ বছর। সব ক্ষেত্রে প্রার্থীকে অন্তত ১০ বছর নিরবচ্ছিন্নভাবে বা, একনাগাড়ে পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে কিংবা তাঁদের পিতামাতার স্থায়ী ঠিকানা-সহ পশ্চিমবঙ্গের স্থায়ী বাসিন্দা হতে হবে। কোন কলেজে কোন-কোন বিষয়ে ডিগ্রি কোর্স পড়ানো হয় ও সীট ক'টি তা বিস্তারিতভাবে ইনফর্মেশন বুকলেট থেকে জানতে পারবেন।

প্রার্থী বাছাই হবে ২০২২ সালের 'জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা (WBJEE-2022)'র মাধ্যমে। পরীক্ষা নেবে 'ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট এন্ট্রান্স বোর্ড'। প্রথমে হবে লিখিত পরীক্ষা ২৩ এপ্রিল। অঙ্ক বিষয়ের পরীক্ষা হবে ১১টা থেকে ১টা। ফিজিক্স ও কেমিস্ট্রি বিষয়ের পরীক্ষা হবে ২ টা থেকে ৪ টা।

অঙ্ক বিষয়ে ১০০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। এর মধ্যে ক্যাটেগরি-।'এ থাকবে ৫০টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে ১ নম্বর। ক্যাটেগরি-।।'এ থাকবে ১৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর। ক্যাটেগরি-।।।'এ থাকবে ১০টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর।

ফিজিক্স বিষয়ে ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন হবে। এর মধ্যে ক্যাটেগরি-।'এ থাকবে ৩০টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে ১ নম্বর। ক্যাটেগরি-।।'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর। ক্যাটেগরি-।।।'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর।

কেমিস্ট্রি বিষয়ে ৫০ নম্বরের ৪০টি প্রশ্ন হবে। এর মধ্যে ক্যাটেগরি-।'এ থাকবে ৩০টি প্রশ্ন ও প্রতিটি প্রশ্নে ১ নম্বর। ক্যাটেগরি-।।'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর। ক্যাটেগরি-।।।'এ থাকবে ৫টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ২ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন ১৫ এপ্রিল থেকে ২৩ এপ্রিল পর্যন্ত।

পরীক্ষা হবে পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা রাজ্যের বিভিন্ন কেন্দ্রে। লিখিত পরীক্ষায় সফল হলে র‍্যাঙ্ক সার্টিফিকেট পাবেন। তারপর ওই র‍্যাঙ্ক অনুযায়ী বিভিন্ন প্রতিষ্ঠানে ভরতির জন্য কাউন্সেলিং হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস প্রস্পেক্টাস থেকে পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে ১০ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbjeeb.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ৩-১০০ কে.বি.'র মধ্যে আর সিগনেচার ৩-৩০ কে.বি.র মধ্যে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Online Application WBJEE-2022-তে ক্লিক করলে অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। প্রথমে Personal Details ঠিকভাবে পুরণ করবেন তারপর সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও ৭ সংখ্যার অ্যাপ্লিকেশন নম্বর পাবেন। এবার লগ আউট করতে পারেন কিংবা Fee Payment Details - এ গিয়ে ই-চালান প্রিন্ট করে নেবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, ও.বি.সি. হলে ৪০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে পারবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। এছাড়াও পাবেন এই ঠিকানায় : Controller of Examinations, West Bengal Joint Entrance Examination Board, AQ 13/1, Sector - V, Salt Lake City, Kolkata - 700 091. Ph: 1800 3450 050.

৩ বাহিনীতে ৩৪১

১ পাতার পর

ওই খরচ বহন করবে। ট্রেনিংয়ে সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। এরপর ধাপে-ধাপে 'কম্যান্ডার' পদ পর্যন্ত পদোন্নতি হবে। ১৫৪তম কোর্সে ট্রেনিং শুরু ২০২৩ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ১০০টি।

অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (মেন ও এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল) : যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (ফর মেন)'এ আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ অবিবাহিত তরুণীরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল)'এ আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-৯৮ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি। ট্রেনিং হবে মাদ্রাজের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। মোট ৪৯ সপ্তাহের ট্রেনিং হবে 'জেন্টেলম্যান ক্যাডেট'এ। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ৪,৬০০ টাকা। এর মধ্যে ২,৪৫০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার পুরো বা, আংশিক খরচ দেবে। সফল হলে লেফটেন্যান্ট পদে ৬ মাস প্রবেশনে থাকতে হবে। ৫ বছরের জন্য শর্ট সার্ভিস কমিশনে চাকরি করতে হবে। এরপর পার্মানেন্ট কমিশনে চাকরির সুযোগ পেলে ধাপে-ধাপে পদোন্নতি হবে। মূল মাইনে ওপরের মতোই। শূন্যপদ : অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে (মেন) ১৭০টি। ১১৭তম কোর্সে ট্রেনিং শুরু ২০২২ সালের এপ্রিলে। ৩১তম এস.এস.সি. উইমেন কোর্সে ট্রেনিং শুরু ২০২২ সালের এপ্রিলে। শূন্যপদ : ১৭টি।

ন্যাভাল অ্যাকাডেমি : ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। শুরুতে ৫ মাসের ট্রেনিং হবে গোয়ার ন্যাভাল অ্যাকাডেমিতে, এক্সিকিউটিভ শাখার ক্যাডেট হিসাবে। ট্রেনিং নেওয়ার জন্য প্রার্থীকে দিতে হবে মোট ৩,৫০০ টাকা। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার থেকে পুরো বা, আংশিক খরচ দেওয়া হবে। এরপর 'ক্যাডেট' হিসাবে আবার আড়াই বছরের ট্রেনিং। সফল হলে নৌবাহিনীর জাহাজে ৬ মাস চাকরি। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মাইনে ওপরের মতোই। ট্রেনিং শুরু ২০২৩ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ২২টি।

এয়ারফোর্স অ্যাকাডেমি : উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা ২-১-১৯৯৯ থেকে ১-১-২০০৩'এর মধ্যে জন্ম-তারিখ থাকলে 'এয়ারফোর্স অ্যাকাডেমি'তে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকলে জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৭ থেকে ১-১-২০০৩'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২.৫ সেমি, পায়ের মাপ লম্বায় অন্তত ৯৯-১২০ সেমি, থাই লম্বায় ৬৪-৮১.৫ সেমি ও বসার উচ্চতা ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমি। শুরুতে ফ্লাইং ব্রাঞ্চের পাইলট হিসাবে ৭৪ সপ্তাহের ট্রেনিং হবে এয়ারফোর্স অ্যাকাডেমিতে। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ২,৩৪০ টাকা। এর মধ্যে ৮৪০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ৭৫০ টাকার কম হলে এই খরচ সরকার থেকে দেওয়া হবে। ক্যাডেট হিসাবে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ২১,০০০ টাকা। এছাড়া ফ্লাইং-ভাতা পাবেন। ট্রেনিং শুরু ২০২২ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ৩২টি।

এই ৫ বিভাগের ট্রেনিং নিতে হলে দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় ৬/৬ ও কাছের বেলায় প্রতি চোখে 'N-S'. ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। ট্রেনিংয়ের সময় মাসে স্টাইপেন্ড পাবেন। সফল হলে মূল মাইনে ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (।) -২০২২' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা ১০ এপ্রিল। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর (গুয়াহাটি), পটনা, শিলঙ, রাঁচী, সম্বলপুর, পোর্ট ব্লেয়ার, গ্যাংটক ও আগরতলা।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির লিখিত পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) এলিমেন্টারি ম্যাথমেটিক্স। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ট্রেনিং নিতে হলে লিখিত পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির বেলায় ২০০ নম্বর)। সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ইংরিজিতে থাকবে ইংরিজি গ্রামারের প্রশ্ন। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.৩৩ নম্বর কাটা হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 4/2022 CDS-1, Dated: 22/12/2021.

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করলে পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে পারবেন। একাধিক দরখাস্ত করবেন না। মহিলা ও তপশিলী সম্প্রদায়ের প্রার্থীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন আই.ডি-সহ সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

KARMASANGSTHAAN ■ Vol. 35 ■ Issue No. 1 ■ 1 January, 2022 ■

সাধারণ জ্ঞান

৬ পাতার পর

সাম্প্রতিক ঘটনা

৪০। সম্প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের তরফ থেকে প্রকাশিত, 'ভারতের সেরা থানা'র তালিকায় শীর্ষ স্থান পেল কোন থানা — দিল্লির সদর বাজার থানা।

৪১। কোন দেশ সম্প্রতি 'Shiyan -11' উপগ্রহ লঞ্চ করল — চিন।

৪২। কোন রাজ্য ভারতের প্রথম সাইবার তহশিল তৈরি করতে চলেছে — মধ্য প্রদেশ।

৪৩। ২০২১ সালে কে ফিকশন বিভাগে 'জাতীয় বই পুরস্কার' পেলেন — জেসন মট ('Hell of a Book' উপন্যাসটির জন্য এই পুরস্কার পেলেন তিনি)।

৪৪। 'জাতীয় পরিবার ও স্বাস্থ্য সমীক্ষা'র পঞ্চম পর্যায়ের তথ্য অনুযায়ী, স্বাধীনতার পর এই প্রথমবার ভারতে প্রতি ১,০০০ জন পুরুষ অনুপাতে মহিলাদের সংখ্যা কত — ১,০২০ জন।

৪৫। রোমানিয়ার প্রধানমন্ত্রী হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — নিকোলাই সিউকা।

৪৬। সম্প্রতি কোন দেশ 'Shaheen 1–A' ব্যালিস্টিক মিসাইলের সফল পরীক্ষা করল — পাক-ই-স্তান।

৪৭। গ্রহাণুর যাত্রাপথের দিক পরিবর্তন করতে, কোন মহাকাশ সংস্থা সম্প্রতি বিশ্বের প্রথম 'DART' (ডাবল অ্যাস্টেরয়েড রিডাইরেকশন টেস্ট) মিশন চালু করল — নাসা।

৪৮। শক্তি সংরক্ষণের ব্যাপারে মানুষদের সচেতন করতে, ভারতের কোন রাজ্য সরকার 'উর্জা স্বাক্ষরতা অভিযান' চালু করছে — মধ্য প্রদেশ।

৪৯। মিডিয়া শিল্পে অসামান্য অবদানের জন্য, কে সম্প্রতি ২১ শতাব্দীর

'আইকন পুরস্কার' পেলেন — অমিত গোয়েঙ্কা।

৫০। কুয়েতের প্রধানমন্ত্রী হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — শেখ সাবাহ আল খালেদ আল হামাদ আল সাবাহ।

৫১। বুলগেরিয়ার প্রেসিডেন্ট এখন কে — রুমেন রাদেভ।

৫২। মার্কিনি পাব্লিশিং কোম্পানি 'মেরিয়াম ওয়েবস্টার'এর বিচারে, ২০২১ সালে কোন শব্দ 'বর্ষসেরা শব্দ' হিসাবে স্বীকৃতি পেয়েছে — Vaccine.

৫৩। কে সম্প্রতি অরুণা[চল] প্রদেশের প্রচারদূত হিসা[বে] মনোনীত হলেন — বলিউ[ড] অভিনেতা সঞ্জয় দত্ত।

৫৪। ২০২১ সালে কে 'মি[স] ইউনিভার্স'এর শিরোপা জিতেছে[ন] — পঞ্জাবের হরনাজ কৌর সা[ন্ধু]।

৫৫। ২০২১ সালে 'গ্লোবা[ল] হেলথ সিকিউরিটি ইনডেক্স'[এ] ভারতের স্থান কত — ৬৬।

৫৬। ২০২২-'২৩ সালের জ[ন্য] কোন দেশ সম্প্রতি 'ইন্টারন্যাশনা[ল] মেরিটাইম অর্গানাইজেশ[ন] কাউন্সিল'এ আবার মনোনীত হ[ল] — ভারত।

৫৭। 'ইউনিসেফ'এর এক্সিকিউটি[ভ] ডিরেক্টর হিসাবে সম্প্রতি ক[ে] মনোনীত হলেন — ক্যাথেরি[ন] এম.রাসেল।

৫৮। কৃষ্ণগহ্বর সম্পর্কিত তথ[্য] সংগ্রহের জন্য, কোন মহাকাশ[] গবেষণা সংস্থা সম্প্রতি 'এক্স-রে[] মিশন' লঞ্চ করল — নাসা।

৫৯। ২০২১ সালে কে পুরু[ষ] বিভাগে 'কলিঙ্গ সাহিত্য পুরস্কার' পেলেন — শ্রীনিবাস উদগত[া] (মহিলা বিভাগে এই পুরস্কার পেয়েছেন দিব্যা দত্ত)।

৬০। কোন দেশ ভবিষ্যৎ প্রজন্মের জন্য সিগারেট বিক্রি নিষিদ্ধ করতে চলেছে — নিউজিল্যান্ড।

৬১। নরেন্দ্র মোদী সম্প্রতি কোথায় 'সরযু ক্যানাল ন্যাশনাল প্রোজেক্ট'এর উদ্বোধন করলেন — উত্তর প্রদেশের বলরামপুরে।

৬২। কে স্থাপত্যবিদ্যার ক্ষেত্রে বিশ্বের সর্বোচ্চ পুরস্কার 'রয়্যাল গোল্ড মেডেল ২০২২'এর জন্য মনোনীত হলেন — ভারতীয় স্থাপত্যবিদ বালকৃষ্ণ দোশী (ভারত ও তার প্রতিবেশী অঞ্চলের স্থাপত্যে অসামান্য অবদানের জন্য, তাঁকে এই পুরস্কারের জন্য বেছে নিয়েছে 'রয়্যাল ইনস্টিটিউট অফ ব্রিটিশ আর্কিটেক্টস')।

৬৩। কোন জলাভূমি সম্প্রতি ভারতের ৪৭ তম রামসর সাইট হিসাবে স্বীকৃতি পেল — উত্তর প্রদেশের 'হায়দারপুর জলাভূমি'।

৬৪। উন্নয়নশীল দেশ থেকে তরুণ গণিতজ্ঞ হিসাবে, ২০২১ সালে কে 'রামানুজন পুরস্কার'এ ভূষিত হলেন — কলকাতার মেয়ে তথা অধ্যাপিকা নীনা গুপ্ত (তাঁর 'অ্যাফাইন অ্যালজেব্রিক জিওমেট্রি' ও 'কমিউটেটিভ অ্যালজেব্রা'য় দৃষ্টান্তমূলক কাজের জন্য এই সম্মান পেলেন তিনি)।

৬৫। জার্মানির চ্যান্সেলর এখন কে — ওলাফ স্কোলজ।

সঙ্কলক : পলি দেওয়ান